

আল কুরআন
 অনন্ত করুণাময় পরম দয়ালু
 আল্লাহর নামে আরম্ভ করছি

 তারা বলে যে, এটি আল্লাহর কথা
 অথচ এসব আল্লাহর কথা নয়।
 আর তারা জেনে গুনে আল্লাহরই
 প্রতি মিথ্যারোপ করে।

সূরা আল ইমরান ৭৮

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
ব্রাদার্স সিমেন্ট
 ইন্ডাস্ট্রিয়াল মিলস প্রাইভেট লিমিটেড

সেবা : ০২৯৯০০৬৬৬০৬, ০২৯৯০২৭৭০৪

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০১ অক্টোবর ২০২৬ ॥ ১৯ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ১৬ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১১৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



প্রবীণদের আর্থিক নিরাপত্তা ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করবে সরকার: প্রধানমন্ত্রী
 কীর্তনখোলা ডেস্ক
 প্রবীণ নাগরিকদের আর্থিক নিরাপত্তা, স্বাস্থ্যসেবা ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করতে সরকার বহুমুখী উদ্যোগ বাস্তবায়ন ২ এর পাতায় দেখুন



আইনশুল্কলা পরিস্থিতির অবনতির সুযোগ কাউকে দেওয়া হবে না: চিফ হুইপ
 কীর্তনখোলা ডেস্ক
 আইনশুল্কলা পরিস্থিতির অবনতি ঘটানোর কোনো সুযোগ কাউকে দেওয়া হবে না বলে জানিয়েছেন জাতীয় সংসদের ২ এর পাতায় দেখুন



‘ক্ষুদ্র ব্যবসায়ীদের বিকল্প স্থান নির্ধারণ করে ব্যবসার সুযোগ দিতে হবে’
 কীর্তনখোলা ডেস্ক
 মিরপুর-১৫ আসনের সংসদ সদস্য, বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান ২ এর পাতায় দেখুন



ডেঙ্গুতে আরও ৬ জনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৯৪৮
 কীর্তনখোলা ডেস্ক
 দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৬ জনের মৃত্যু হয়েছে। এ সময় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২ এর পাতায় দেখুন



বরিশাল সদর উপজেলায় নজরুল বর্ষ পালনে চরম অবহেলা

মিতা মোস্তফা
 বরিশাল সদর উপজেলার উদ্যোগে নজরুল বর্ষ পালনে চরম অবহেলা ও অবজ্ঞার অভিযোগ পাওয়া গেছে। অনুষ্ঠানের ব্যানারে ব্যবহৃত নজরুল বর্ষের বিকৃত লোগো ব্যবহার ও উপজেলা সহকারী কমিশনার ভূমির বিতর্কিত বক্তব্য নিয়ে সাংস্কৃতিক অঙ্গনে ক্ষোভের সৃষ্টি হয়েছে। গত বুধবার (৩০ সেপ্টেম্বর) ছিলো সরকারি সাংস্কৃতিক নজরুল বর্ষের প্রতিযোগিতার মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্বের উপজেলা পর্যায়ের অনুষ্ঠান। সকাল ১০টায় বরিশাল নগরীর আমতলার মোড় এলাকার এ. আর. এস বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে এ প্রতিযোগিতার আয়োজন করে বরিশাল সদর উপজেলা। আয়োজনের গুরুত্বকেই আয়োজক কর্তৃপক্ষের টিপেটালি ভাব পরিলক্ষিত হয় বলে সেখানে উপস্থিত প্রতিযোগিতার কর্মকর্তা বিচারক অভিযোগ করেন। তারা সময় মতো উপস্থিত হলেও উপজেলার কর্মকর্তাগণ অনুষ্ঠান স্থলে আসেন প্রায় আধাঘণ্টা বিলম্বে। অনুষ্ঠান স্থানে উপস্থিত প্রতিযোগিতার বিচারক, সাংস্কৃতিক



ব্যক্তিত্ব, জ্ঞানসৌর নেতৃত্বপদ ও বিভিন্ন কলেজের প্রতিযোগী সূত্রে জানা যায়, প্রতিযোগিতা গুরুত্ব পূর্বে আলোচনা সভায় সদর উপজেলা ইউএনও ও উপজেলা নজরুল বর্ষ উদযাপন কমিটির সভাপতির অনুপস্থিতিতে প্রধান অতিথির দায়িত্ব পালন করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো: আজহারুল ইসলাম। নজরুল বর্ষ আয়োজনের বিষয় নিয়ে তার বক্তব্য ঘিরে বিকর্ত ও ক্ষোভের সৃষ্টি হয়। তিনি বলেন- “কোনো ব্যক্তির নামে বর্ষ ঘোষণা করতে হলে কোনো উপলক্ষ্য যেমন, শতবর্ষ কিংবা সুবর্ণ জয়ন্তী এমন কিছু থাকে। কিন্তু নজরুল বর্ষ কেবলই একজন ব্যক্তির মস্তিষ্ক প্রসূত। বর্তমান প্রধানমন্ত্রী গত ২৩ মে ময়মনসিংহের ত্রিশালে নজরুল জয়ন্তী পালন করতে গিয়ে উপস্থিত মন্ত্রী, সচিবদের নির্দেশ দেন নজরুল বর্ষ পালনের। তাই এটি কোনো উপলক্ষ্য ছাড়াই শুধু একক সিদ্ধান্তে পালিত হচ্ছে।” অনুষ্ঠানে উপস্থিত অনেকের থেকেই জানা যায়, এ জন্য এসিয়ার্ড আজহারুল ইসলাম প্রধানমন্ত্রীকে কোনো প্রকার ধন্যবাদ প্রদান ২ এর পাতায় দেখুন

১৩০ বারের মতো পেছল সাগর-রুনি হত্যা মামলার প্রতিবেদন

কীর্তনখোলা ডেস্ক
 সাংবাদিক দলপতি সাগর সারোয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার তারিখ একশ ত্রিশ বারের মতো পেছল। আগামী ৫ নভেম্বর প্রতিবেদন দাখিলের পরবর্তী নতুন দিন ধার্য করেছেন আদালত। বুধবার (৩০ সেপ্টেম্বর) ২ এর পাতায় দেখুন

পিতাকে হত্যাকারী পুত্রের যাবজ্জীবন কারাদণ্ড

কীর্তনখোলা রিপোর্ট
 জন্মদাতা পিতাকে হত্যার ঘটনায় করা মামলায় পুত্রের যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে ৫০ হাজার টাকা জরিমানা আদায়ে আরও ছয় মাসের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে চাক্ষুষ্যকর এ মামলার রায় ঘোষণা করেন বরিশালের

সিনিয়র জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. সোহেল আহমেদ। একই মামলায় অন্য অভিযুক্তদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাদের বেকসুর খালাস দেওয়া হয়েছে। রায় ঘোষণার সময় দণ্ডপ্রাপ্ত যাতক পুত্র পলাশ হাওলাদার পলাতক থাকায় তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা



খাদ্য নিরাপত্তা নিশ্চিতে ব্যবসায়ী ও ভোক্তা সবাইকে সচেতন হওয়ার আহ্বান

কীর্তনখোলা রিপোর্ট
 বরিশালজেলায় বরিশাল বাজার মনিটরিং ও নিত্য প্রয়োজনীয় পণ্যের গুণগত মান, ভেজাল মিশ্রণ রোধকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদারকরণে বিশেষ মনিটরিং সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০ টায় বরিশাল জেলা প্রশাসকের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় জেলা প্রশাসক মো. আমুন খন্দকার সভাপতিত্ব করেন। জেলা প্রশাসক বলেন, বর্তমানে আমরা যে খাবার গ্রহণ করছি, তা কতটা নিরাপদ ও স্বাস্থ্যসম্মত এ বিষয়টি বড় উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, নিরাপদ খাদ্য নিশ্চিত করতে ভোক্তা অধিকারসহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। আইন অনুযায়ী অসুস্থ ব্যবসায়ীদের জরিমানা ও শাস্তির আওতায় আনার পাশাপাশি অভিভূত প্রতিষ্ঠানকে সিলপালা করতে হবে। এসময় তিনি খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সরকারি উদ্যোগের পাশাপাশি ব্যবসায়ী ও ভোক্তাসহ সংশ্লিষ্ট সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান। পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে তিনি বাস-মালিক সমিতির নেতৃবৃন্দের উদ্দেশে ২ এর পাতায় দেখুন



সভাসবিরোধী মিছিলে অংশ নিয়ে মারা যাওয়া যুবদল নেতা গাজী মনিরের ছেলেকে বরিশাল সিটি কর্পোরেশনে চাকরি প্রদান করেন প্রশাসক আড্ডা, বিলকিস আক্তার জাহান শিরীন - কীর্তনখোলা

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ব্যাগিংয়ের অপরাধে ৪৮ শিক্ষার্থীকে শাস্তি

কীর্তনখোলা রিপোর্ট
 নবীন শিক্ষার্থীদেরকে ব্যাগিংয়ের অপরাধে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) চার বিভাগের ৪৮ শিক্ষার্থীকে এক বছর একাডেমিক বহিষ্কার অথবা অর্থদণ্ড দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. আবদুল আলিম বহির স্বাক্ষরিত আলাদা আলাদা চিঠিতে শাস্তির বিষয়টি জানানো হয়েছে। গত ২০ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বোর্ডের সভার সিদ্ধান্ত মোতাবেক অপরাধের মারামারি এই শাস্তি আরোপ করা হয়েছে বলে চিঠিতে জানানো হয়েছে। আইন বিভাগের ৫ জন, মার্কেটিং বিভাগের ১৯জন, কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ১৪ জন, র‍‌ষ্ট্রবিজ্ঞান র‍‌ষ্ট্রবিজ্ঞান বিভাগের ১০জনসহ

চার বিভাগের ৪৮ শিক্ষার্থীকে শাস্তির আওতায় নিয়ে আসা হয়েছে। অপরাধের মারামারি ৪৮ শিক্ষার্থীকে ক্যাটাগরিভে শাস্তি দেয়া হয়েছে। কাউকে ১বছরের বহিষ্কার বা ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে, কাউকে ৬ মাসের বহিষ্কার অথবা ১৫ হাজার টাকা জরিমানা। বাকিদের গুণ্ডামার ১০ হাজার ২ এর পাতায় দেখুন

স্কুলে ঢুকে শিক্ষার্থীকে মারধর বিএনপি নেতার কারাদণ্ড

গৌরনদী প্রতিনিধি
 বরিশালের গৌরনদী উপজেলার রিজিয়া মাধ্যমিক বিদ্যালয়ে অনিধিকার প্রবেশ করে ছাত্রীদের শ্রীলতাহানিকর উক্তি, এক ছাত্রকে প্রহার ও কানধরে ওঠসব করানো এবং শিক্ষকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের অভিযোগে লিপন শরীফ (৪৪) নামে এক বিএনপি নেতাকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও দায়িত্বশীল নেতা। বুধবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে গৌরনদী উপজেলা সহকারী



নিশ্চিত করেছেন ইউনিয়ন বিএনপির এক দায়িত্বশীল নেতা। বুধবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে গৌরনদী উপজেলা সহকারী

সমাজে স্বীকৃতিহীন গবেষকের ছড়াছড়ি

বেশ কয়েক বছর যাবত বিভিন্ন অনুষ্ঠানের ব্যানারে, বইয়ের কভারে আর পত্রিকার নিউজে বিশেষ বিশেষ ব্যক্তিদের নামের আগেপাছে প্রায়ই লিখতে দেখা যায় শিক্ষক ও গবেষক, কবি ও গবেষক, লেখক ও গবেষক ইত্যাদি বিশেষণ। গবেষক যেন এখন ঘরে ঘরে, মাঠে প্রান্তরে ঘুরে বেড়াচ্ছেন। কাকে যেন মজা করে বলতে গুললাম, গবেষণা এখন ঠিকই গুরু বোজার মতো হয়ে গেছে। কেউ নজরুল গবেষক, কেউ সাহিত্য গবেষক, কেউ বা রবীন্দ্র গবেষক। মনে মনে ভেবে নিলেন তিনি কয়েকটা বই পড়বেন, বা তাদের সম্পর্কে একটু খোঁজ-খবর নিবেন, কিংবা সভা-সেমিনারে কেতাদুরস্ত হয়ে শিক্ষা ও সাহিত্য সম্পর্কে দু-চার কথা বলবেন, তাতেই তিনি গবেষক বনে যাবেন। আর না বললেই বা কী, নিজে নিজে কোনো প্রতিষ্ঠানের ঘোষণা দিয়েই হয়ে যান অমুক গবেষক, তমুক গবেষক বা পরিচালক, অমুক গবেষণা প্রতিষ্ঠান। আসলে কোনো ধরনের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি ছাড়া, কেবল অনলাইন সার্চ করেই কেউ কেউ হয়ে উঠছেন ২ এর পাতায় দেখুন

উজিরপুরে পুকুরের পানিতে ডুবে প্রতিবন্ধী শিশুর মৃত্যু

উজিরপুর প্রতিনিধি
 বরিশালের উজিরপুরে বাড়ির পাশের পুকুরের পানিতে ডুবে ইয়াসির হাওলাদার (৮) নামে এক প্রতিবন্ধী শিশুর মৃত্যু হয়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) বেলা ১১টার দিকে উপজেলার আটিপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত ইয়াসির ওই গ্রামের বাবু হাওলাদারের ছেলে। স্থানীয় বাসিন্দা ও পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে জানা গেছে, শারীরিক প্রতিবন্ধী ইয়াসির বুধবার বেলা ১১টার দিকে পরিবারের সদস্যদের অজান্তে বাড়ির পাশের পুকুরে পড়ে যায়। কিছুক্ষণ পর তাকে দেখতে না পেয়ে পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে পুকুরে খোঁজ চালিয়ে শিশুটিকে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, সক্ষম বাংলায় প্রদত্ত বাংলা ভাষাপ্রতিষ্ঠান ও ব্যাকরণবিশিষ্ট বরিশাল সরকারি ব্রাহ্মচর্য কলেজ, বাংলাদেশ বিজ্ঞানের সাক্ষর বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাক্ষর পদীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

বাংলা ব্যাকরণ ও নির্মিতি
 বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে সচিব, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়সহ বিদ্যেগের প্রধান পদীক্ষক, সরকারি আন্তঃবিভাগীয় কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সূজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)
 বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
 01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি কলারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অবুদুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অবুদুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-47767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-10772	রহমান বুক হাউজ কলারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি কলারোড, সদর রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হুগু লাইন ও কলারোড রাস্তা, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বিএনপি কলারোড, বরিশাল 01726-347663	হক লাইব্রেরি বিএনপি কলারোড, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বিএনপি কলারোড, বরিশাল 01717-468083

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাগিপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
 ০১৩০৪১৬৮৪১৯

মম্বাদকীয় বেপরোয়া কিশোর গ্যাং

সাম্প্রতিক সময়ে দেশব্যাপী কিশোর গ্যাংয়ের যে দৌরাত্ম্য দেখা যাচ্ছে, তা অত্যন্ত উদ্বেগজনক। রাজধানী ঢাকা থেকে শুরু করে এমন কোনো শহরাঞ্চল নেই, যেখানে কিশোর গ্যাংয়ের দাপট নেই। আমাদের তিক্ত বাস্তবতা হলো এই, যে কিশোরদের বইখাতা নিয়ে স্কুল-কলেজে ব্যস্ত থাকার কথা, তারাি চুরি, ছিনতাই, মাদক, খুনখারাবির মতো ভয়ংকর অপরাধে জড়িয়ে পড়ছে। পরিস্থিতি এতটাই নাজুক যে নিরাপত্তা বাহিনীর অভিযানের মধ্যেও এসব কিশোর গ্যাংয়ের তৎপরতা বন্ধ হয়নি। খবরে বলা হয়, কিশোর অপ্রতিম হত্যাকাণ্ডের পর কুমিল্লাসহ দেশের বিভিন্ন স্থানে নিরাপত্তা বাহিনীর অভিযান জোরদার করা হয়েছে। বেশ কিছু স্থান থেকে সন্দেহভাজন বহু কিশোর অপরাধীকে আটকও করা হয়েছে। কিন্তু কিছুতেই তাদের দাপট নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। খবরে বলা হয়, রাজধানীতে কয়েক দিন ধরে দখলবাজি, ছিনতাইসহ বিভিন্ন অপরাধে কিশোর গ্যাং সদস্যদের সম্পৃক্ততার তথ্য পাওয়া গেছে। পুলিশের অভিযানে এক কুমিল্লা থেকেই আট শতাধিক সন্দেহভাজন আটক করা হয়েছে। ওই শহরে বিভিন্ন অপরাধে সক্রিয় রয়েছে অন্তত ১৫টি চক্র। বিভিন্ন গ্রুপে রয়েছে প্রধান, উপ-প্রধান। তারাি কিশোরদের পিছে নানা অপরাধ করায়। এদের নামধারাই এরই মধ্যে পুলিশের কাছে এসেছে। অন্যদিকে মহানগরসহ চট্টগ্রাম অঞ্চলে আবারও মাথাচাড়া দিয়ে উঠছে কিশোর অপরাধীদের বিস্তারি চক্র। তারা বড় ভাইয়ের আভ্যগোপনে থাকায় নতুন বড় ভাইদের পৃষ্ঠপোষকতায় কিশোররা অপরাধে জড়াচ্ছে। মারামারি, ছিনতাই, চানাবাজি, এমনকি খুনাখুনিতেও তারা জড়াচ্ছে। দেশের আরেক অঞ্চল খুলনাজেড়ে দাপিয়ে বেড়াচ্ছে কমপক্ষে ১০টি চক্রের কিশোর অপরাধীরা। স্থানীয় পুলিশের তথ্য অনুযায়ী, চলতি বছরের প্রথম আট মাসে খুলনায় ৫৮টি হত্যাকাণ্ড ঘটেছে। এর মধ্যে উল্লেখযোগ্যভাবে কয়েক হত্যায় জড়িতদের বেশির ভাগই উচিত বসেছেন। বরিশাল বিভাগের ছয় রেলোয় কিশোর অপরাধীদের কমপক্ষে ৫০টি চক্রের প্রায় দুই হাজার সদস্য রয়েছে। বিভিন্ন স্থানে প্রকাশ্যে অস্ত্রের মহড়া, ছিনতাই, সংঘর্ষের মতো অ ঘটন ক্যামেরাবাদি করে তারা নিজেরাই ছড়িয়ে দেয় সামাজিক যোগাযোগ মাধ্যমে। বলা বাহুল্য, আরো খেঁজবের নিলে এই ফিলিস্তি আরো দীর্ঘ হবে। বিশেষজ্ঞরা মনে করেন, কিশোর অপরাধ বেড়ে যাওয়ার পেছনে অনেক কারণ থাকে। পারিবারিক টানাপড়েন, কোভিড হতশ্রাব থেকে অনেকেরই অপরাধ জগতের দিকে পা বাড়ায়। এ ছাড়া অল্প বয়সে ধূমপান, মাদকের মতো অভ্যাসও পর্যায়ক্রমে চুরি-ছিনতাইয়ের মতো অপরাধের দিকে নিয়ে যায়। এ ছাড়া এলাকায় রাজনৈতিক প্রভাব তো আছেই। পাশাপাশি কর্মসংস্থানের অভাব, শিক্ষিত-বেকার বৃদ্ধির কারণেও অনেক তরুণ হতাশাজর্জর হয়ে অপরাধচক্রের হাছাতায় জায়গা করে নেয়। বলে করা হয়, সমাজে সুস্থ সংস্কৃতিচর্চার অভাবও অপরাধীদের বাড়ুবাড়ান হয়। দেশের আইনের শাসন নিয়েও রয়েছে প্রশ্ন। পুলিশ মাঠ পর্যায়ে কিশোরদের প্রেক্ষার করলেও মূল পৃষ্ঠপোষকরা ধরাছোঁয়ার বাইরে থেকে যায়। প্রেক্ষাগেত্রের পর মুক্তি পেলে কিশোর অপরাধীদের বড় ভাইয়েরই আবার প্রলুব্ধ করে। তাহলে অপরাধ নিয়ন্ত্রণে আসবে কী করে?

ডেঙ্গুতে আরও ৬ জনের

১ হাজার ৯৪৮ জন। বুধবার (৩০ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেপুটিসচিবক নিম্নমিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ২৪৫ জনের মৃত্যু হলো। এর মধ্যে শুধু আগস্ট মাসেই মারা গেছেন ৪৩ জন। এছাড়া সেপ্টেম্বরে গত ২৯ দিনে ১৪৮ জন, জুলাইয়ে ৩৬ জন, জুনে ১১০ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। বুলেটিনে জানানো হয়, মঙ্গলবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হতে ১ হাজার ৯৪৮ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বরের হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৭৯ হাজার ৬১০ জন। গত ২৪ ঘণ্টায় হাসপাতাল থেকে সুস্থ হয়ে ছাড় পেরেছেন ১ হাজার ৮৮২ জন। এ পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৭৩ হাজার ৮৯০ জন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে ৭১৯ জন। এছাড়া খুলনা বিভাগে ২৪৮ জন, বরিশালে ১১২, চট্টগ্রামে ৩৪৩ জন, মহানগরিসহ ১০২, রংপুরে ৯৯ জন এবং রাজশাহী ২১১ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছেন।

ক্ষুদ্র ব্যবসায়ীদের বিকল্প স্থান

বলেছেন, রাজধানীর সড়ক ও ফুটপাট চলাচলের উপযোগী রাখা জরুরি। তবে ফুটপাট ও সড়কে ব্যবসা করা ক্ষুদ্র ব্যবসায়ীদের উচ্ছেদ করে সমস্যার স্থায়ী সমাধান সম্ভব নয়। তাদের জন্য উন্নযুক্ত বিকল্প স্থান নির্ধারণ করে সেখানে ব্যবসার সুযোগ দিতে হবে। বুধবার (৩০ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর মিরপুর-১০ নম্বর এলাকায় ফুটপাট উচ্ছেদ অভিযানকে কেন্দ্র করে সৃষ্ট পরিস্থিতি সরেজমিনে পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, রাজ্য বাসবাহন চলাচলের জন্য এবং ফুটপাট মানুষের হাটার জন্য। কিন্তু আমাদের সামাজিক শৃঙ্খলার অভাবে ফুটপাট ও রাস্তায় বাসনা পরিচালিত হচ্ছে। এতে সাধারণ মানুষের চলাচলে দুর্ভোগ সৃষ্টি হচ্ছে এবং দুর্ঘটনাও ঘটছে। ক্ষুদ্র ব্যবসায়ীদের দুর্ভোগের কথা উল্লেখ করে ডা. শফিকুর রহমান বলেন, গ্রাম থেকে রাজধানীতে এসে অনেক মানুষ জীবিকার তাগিদে ক্ষুদ্র ব্যবসার সঙ্গে যুক্ত হয়েছেন। তাদের অনেককেই বিভিন্ন পণ্যের স্ট্যান্ড দিতে হয়। এ পরিস্থিতির অবসান ঘটিয়ে তাদের জন্য নির্ধারিত স্থানে ব্যবসার সুযোগ সৃষ্টি করা প্রয়োজন। মিরপুর-১৫ আসনের মাননীয় সংসদ আরও বলেন, আমরা নির্বাচনের আগে বলেছিলাম, এই সমস্যার টেকসই ও সমাধিত সমাধান করতে হবে। ক্ষুদ্র বাবসায়ীর জন্য নির্দিষ্ট জায়গা করে দিতে হবে। সেখানে তারা ব্যবসা করবেন, নিটি কর্পোরেশন মৌজিক হারে ট্যাক্স পাবে; কিন্তু কোনো ধরনের চান্দাবাজি চলবে না। মিরপুর এলাকায় সাম্প্রতিক বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রসঙ্গ তুলে তিনি বলেন, দখলদারি, চানাবাজি ও দুর্নীতির বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে। যারা অপরাধের সঙ্গে জড়িত, তাদের আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করতে হবে। সবশেষে তিনি সবাইকে শান্ত ও ধৈর্যশীল থাকার আহ্বান জানিয়ে বলেন, দখলদারি, চানাবাজি ও দুর্নীতির বিরুদ্ধে সবাইকে একাবদ্ধ হতে হবে। সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে একটি পরিচ্ছন্ন, মানবিক ও সুন্দর বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন- কেন্দ্রীয় নির্বাহী পরিদপ সদস্য মোবারক হোসাইন, কেন্দ্রীয় নির্বাহী পরিদপ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের সেক্রেটারি ড. মো. রেজাউ করিম, কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের সহকারী সেক্রেটারি ডা. ফখরুদ্দিন মানিকসহ স্থানীয় নেতৃবৃন্দ।

আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির

চিফ হুইপ নূরুল ইসলাম মনি। তিনি বলেন, সরকার সবল রয়েছে এবং সরকারকে দরুল ভাবার কোনো সুযোগ নেই। বুধবার (৩০ সেপ্টেম্বর) সকালে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে ওলামা দলের নেতাকর্মীদের নিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। চিফ হুইপ বলেন, ‘আইনশৃঙ্খলা উন্নতির জন্য যা যা প্রয়োজন তাই করা হবে। যে দেশে হাদির খুনিরা প্রবেশ পেয়েছে, তারা দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি দুর্বল করার চেষ্টা করছে।’ তিনি বলেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সরকার প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেবে। কোনো পক্ষ যাতে পরিস্থিতির সুযোগ নিয়ে অস্থিতিশীলতা তৈরি করতে না পারে, সে বিষয়ে সরকার সর্কর্ক রয়েছে। সংবিধান সংশোধনের বিষয়ে জানতে চাইলে নূরুল ইসলাম মনি বলেন, ‘সংশোধনের জন্য সব পক্ষের সাথেই বসা হচ্ছে।’ এ বিষয়ে সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে আলোচনা করেই প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানান তিনি। এ সময় ধর্মীয় নেতাদের জন্য সরকারের বিভিন্ন উদ্যোগের কথাও তুলে ধরেন চিফ হুইপ। তিনি বলেন, ‘খতিব পুরোহিতদের জন্য সরকার ভাতার ব্যবস্থা করেছে। বিএনপি তাদের মৃত্যুবোধকে এগিয়ে নেওয়ার জন্য যা করার প্রয়োজন তা করছে।’

প্রবীণদের আর্থিক নিরাপত্তা ও মর্যাদাপূর্ণ

করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বয়স্ক ভাতা সম্প্রসারণের পাশাপাশি ‘ফ্যামিলি কার্ড’-এর মাধ্যমে আর্থিক সহায়তা, প্রাথমিক স্বাস্থ্যসেবার বিস্তার এবং সামাজিক নিরাপত্তা বেঁধী আরও শক্তিশালী করার কার্যক্রম এগিয়ে নেওয়া হচ্ছে। বৃহস্পতিবার (১ অক্টোবর) ‘আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২৬’ উপলক্ষে বুধবার (৩০ সেপ্টেম্বর) দেওয়া বার্ষিকে প্রধানমন্ত্রী এ কথা বলেন। এবারের দিবসের প্রতিপাদ্য ‘দীর্ঘায়ু যুগে: দীর্ঘ জীবন নিশ্চিত করতে ব্যবস্থাপনায় নতুন ভাবনা’ (The Age of Longevity: Rethinking Systems for Longer Lives)। প্রধানমন্ত্রী বলেন, মানুষের স্বাস্থ্য-সচেতনতা এবং চিকিৎসাবিজ্ঞানের উন্নতি ও অগ্রগতির ফলে বিশ্বের দেশে দেশে মানুষের গড় আয়ু বাড়ছে। দীর্ঘায়ু মানুষের জন্য নতুন সম্ভাবনা সৃষ্টি করছে; একই সঙ্গে দীর্ঘ ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করতে স্বাস্থ্য, সামাজিক সুরক্ষা ও পারিবারিক সহায়তার ব্যবস্থাগুলোকে সময়োপযোগী করে তোলার প্রয়োজনীয়তাও সামনে নিয়ে আসছে। তিনি আরও বলেন, প্রবীণদের স্বার্থরক্ষায় সরকার সচেতন ও সতর্ক। একটি কল্যাণমুখী ও মানবিক রাষ্ট্রে প্রতিষ্ঠায় প্রবীণ নাগরিকদের সামাজিক নিরাপত্তা, আর্থিক সুরক্ষা, স্বাস্থ্যসেবা ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করতে সরকার বহুমুখী কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। প্রধানমন্ত্রী বলেন, জীবনচক্রের প্রতিটি পর্যায়ে নেয়োজনীয় সহায়তার পাশাপাশি প্রবীণ বয়সে নিরাপদ ও সমানজনক জীবনযাপনের সুযোগ সৃষ্টি, বয়স্ক ভাতা সম্প্রসারণ এবং সামাজিক সুরক্ষা ব্যবস্থা আরও কার্যকর ও অন্তর্ভুক্তিমূলক করার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, বর্তমান সরকার নির্বাচনী ইশতেহারে উল্লিখিত কল্যাণমুখী রাষ্ট্রের ধারণার আলোকে দ্রুত ও যুিকপূর্ণ জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা শক্তিশালী করতে বিভিন্ন পদক্ষেপ বাস্তবায়ন করছে। প্রবীণদের অবসায় না করে তাদের সুস্বাস্থ্য বজায় রাখা, সামাজিক কর্মকাণ্ডে সক্রিয় রাখা এবং সামাজিক সুরক্ষা কাঠামোর সঙ্গে যুক্ত করার লক্ষ্যে সরকার নিরন্তর কাজ করে যাচ্ছে। দেশের প্রবীণ জনগোষ্ঠীর আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, বয়স্ক ভাতার পরিমাণ বৃদ্ধি এবং উপকারভোগীদের সংখ্যা সম্প্রসারণ করা হয়েছে। একই সঙ্গে সরকারের নতুনতম নির্বাচনী স্বাক্ষরকার ‘ফ্যামিলি কার্ড’-এর মাধ্যমে আর্থিক সহায়তা, প্রাথমিক স্বাস্থ্যসেবার সম্প্রসারণ এবং সামাজিক নিরাপত্তা বেঁধী শক্তিশালী করার কার্যক্রম এগিয়ে চলেছে। প্রবীণ ব্যক্তিদের পরিবার ও সমাজের ভিত্তি হিসেবে উল্লেখ্য করে তিনি বলেন, তাদের ত্যাগ, অভিজ্ঞতা ও প্রজ্ঞার গুণের দাঁড়িয়েই আজকের বাংলাদেশ গড়ে উঠেছে। তাই একটি কল্যাণমূলক, ন্যায়ভিত্তিক ও মানবিক বাংলাদেশ বিনির্মানে প্রবীণ জনগোষ্ঠীর প্রতি যত্নশীল পুষ্টিভিন্ন অপরিহার্য। তিনি আরও বলেন, পরিবার, সমাজ ও রাষ্ট্র- তিনে ত্তরই প্রবীণদের প্রতি সম্মান, সহানুভূতি ও দায়িত্বশীলতার চর্চা অব্যাহত রাখা জরুরি। প্রবীণদের স্বাস্থ্যসেবা, সামাজিক নিরাপত্তা, আর্থিক স্থিতিশীলতা এবং সমাজে সক্রিয় অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করতে জীবনচক্রভিত্তিক সামাজিক সুরক্ষা ব্যবস্থাকে আরও সুসংহত করার উদ্যোগ নেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, সরকার প্রবীণ নাগরিকদের স্বার্থরক্ষায় সম্ভাব্য সব ধরনের পদক্ষেপ গ্রহণ করবে। তবে রাষ্ট্র ও সমাজে আবহমান কালের ধর্মীয়, সামাজিক ও পারিবারিক মূল্যবোধ বড় বেশি বজায় থাকবে, সমাজে প্রবীণদের যত্ন, সম্মান ও মর্যাদা তত বেশি সুরক্ষিত থাকবে বলে তিনি বিশ্বাস করেন। আন্তর্জাতিক প্রবীণ দিবসের এ ভক্তফণে দেশের সব প্রবীণ নাগরিকের প্রতি আন্তরিক শ্রদ্ধা ও শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, এমন একটি কল্যাণমূলক রাষ্ট্রে প্রতিষ্ঠা করা তার সরকারের লক্ষ্য, যেখানে বয়সে তরুণ কিংবা প্রবীণ প্রতিটি মানুষ তার সর্বোচ্চ সম্ভাবনাকে কাজে লাগিয়ে মর্যাদাপূর্ণ ও পরিপূর্ণ জীবনযাপন করতে পারে। উল্লেখ্য, এ সময় প্রধানমন্ত্রী ৩৬তম আন্তর্জাতিক প্রবীণ দিবস, ২০২৬-এর সার্বিক সফলতা কামনা করেন।

১৩০ বারের মতো পেছাল

ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আফরুজ হুসেইনের আদালত এ দিন ধার্য করেন। এদিন মামালারি তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য দিন ধার্য ছিল। তবে তদককারী কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেননি পারেননি। এদিন আদালত প্রতিবেদন দাখিলের নতুন এ তারিখ ঠিক করেন। প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক রফিকুল ইসলাম রুনেল এতখা নিশ্চিত করেন। আলোচিত এ হত্যা মামলায় রুনের বহু তান্ডীর রহমানসহ মোট আসামি আটজন। অন্য আসামিরা হলেন- বাড়ির নিরাপত্তারক্ষী এনাম আহমেদ ওরকে ছদ্মনয়ন করিব, রফিকুল ইসলাম, বকুল মিয়া, মিতু ওরফে বারিয়ার মিতু ওরফে মাসুম মিতু, কামরুল হাসান অরুণ, পলাশ রুন্ড পাল ও আবু সাঈদ। আসামিদের প্রত্যেককে একাধিকবার চার্জশেট দেওয়া হয়েছেও তাদের কেউই স্বীকারোক্তিমূলক জবানবন্দি নেননি। ২০১২ সালের ১১ ফেব্রুয়ারি তারি ঢাকার পশ্চিম এলাকাভাগের মাহাছাড়া টেলিভিশনের বার্ডা সম্পাদক সাগর সারোয়ার ও এটিএন বাংলার জ্যেষ্ঠ প্রতিবেদক মেহেরন রুনি নিজেদের ভাড়া বাসায় নিম্নমতাবে য়ুন হন। পরদিন ভোরে তাদের ক্ষতবিক্ষত রাসদে হেঁজার করা হয়। এরপর নিহত রুনির ভাই নওশের আলম রোমান রাজধানীর শেরেবাংলা নগর থানায় একটি হত্যা মামলা দায়ের করে। প্রথমে মামলার তদন্ত কর্মকর্তা ছিলেন ওই থানার এক এনআই। চার দিন পর চাফল্যকর এ হত্যা মামলার তদন্তভার ঢাকা মহানগরে গোলেন্দা পুলিশের (ডিবি) কাছে হস্তান্তর করা হয়। দুই মাসেরও বেশি সময় তদন্ত করে রহস্য উদ্ঘাটনে ব্যর্থ হয় ডিবি। পরে হাইকোর্টের নির্দেশে একই বছরের ১৮ এপ্রিল হত্যা মামলারি তদন্তভার রায়ের কাছে হস্তান্তর করা হয়। এদিকে গত বছরের ৩০ সেপ্টেম্বর এ মামলার তদন্তে বিভিন্ন বাহিনীর অভিজ্ঞ তদন্ত কর্মকর্তাদের সমন্বয়ে উচ্চ ক্ষমতা সম্পন্ন টাস্কফোর্স গঠনের নির্দেশ দেন হাইকোর্ট। তাদেরকে ছয় মাসের মধ্যে তদন্ত শেষ করতে বলা হয়। একইসঙ্গে মামলার তদন্ত থেকে বাঁচকে (বর্তমান নাম এসআরবি) সরিয়ে দেওয়ারও আদেশ দেওয়া হয়। রাষ্ট্রপক্ষের আবেদনের স্থানি নিয়ে বিচারপতি ফরাহ মদহুব ও বিচারপতি মোহাম্মদ মাহবুব উল ইসলামেরে হাইকোর্ট ফেলে এ আদেশ দেন। পরে ১৭ অক্টোবর হাইকোর্টে নিরদেশে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন নিরাপত্তা বিভাগ থেকে টাস্কফোর্স গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়। এতে পিবিআই প্রধানকে আধার্যক করে ৪ সদস্যের উচ্চপর্যায়ের টাস্কফোর্স কমিটি গঠন করা হয়েছে।

ব্যবসায়ী ও ভোক্তা সবাইকে

বলেন, নগরীর সব বাসস্ট্যান্ড ও পথপরিবহন নিয়মিত পরিচ্ছন্ন পরিচ্ছন্ন রাখতে হবে। স্টেশনে গরুরগাড়ি বাস, বাসের সিট ও টায়ারসহ বিভিন্ন স্থানে বৃষ্টির পানি জমে এড়িস মশা বংশোদ্ভার করতে পারে। সেজন্য নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। দ্রুত্বতে প্রাণহানি রোধে সচেতনতার স্রোতো বিকল্প হেই। এসময় তিনি ডেঙ্গুর প্রকাশ্য কমাতে সরকারের চলমান পরিচ্ছন্নতা অভিযান সফল করতে প্রচেষ্টা, পরিবহন মালিক-প্রক্রমিকসহ সবাইকে সমঝিতভাবে কাজ করতে হবে বলেও উল্লেখ করেন। অতিরিক্ত জেলা প্রশাসক সালাম পারভানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন, অতিরিক্ত উপপুলিশ কমিশনার বেলাল হোসাইন, অতিরিক্ত পুলিশ সুপার মো. মাসুম বিল্লাহসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বাস-মালিক সমিতির প্রতিনিধি, বাজার কমিটি ও ব্যবসায়ী নেতৃবৃন্দ।

পিতাকে হত্যাকারী পুত্রের

মৃত্যুবরণ করে। তার পিতা একজন দিনমজুর ছিলেন। তার মেজ ভাই পলাশ সাকরাল গ্রামের ইসমাইল হোসেনের কন্যা জোহনা আভারকে বিয়ে করে প্রায় একবছর ধরে সৎকার করে। পরে পুনরায় সে পলাশ) পরিবারের সবার অমতে খুন্সী গ্রামের রং আলম রাষ্টার কন্যা সুইটি বেগমকে ছিড়ায় বিয়ে করে শত্রু বাড়িতে ববাস্য শুরু করে। তিনি আরও উল্লেখ করেন, প্রায়ই পলাশ তার ছিড়ায় জীকে নিয়ে বাড়িতে উঠতে চাইলে তার বাবা বাধা প্রদান করেন। এনিয়ে বাবা আলী আকবরের গুপ চরমভাবে ক্ষিপ্ত ছিল পলাশ। এরইমধ্যে পলাশের প্রথম স্ত্রী জোহনা বেগমকে কোন প্রকার ভরপোষণ না দেওয়ায় তিনি (জোহনা) পলাশের বিরুদ্ধে মৃত্যু পিটিং দায়ের করেন আইনে মামলা করেন। ওই মামলায় পলাশ বেশ কিছুদিন কারাদোণ করে জামিনে বের হয়। মামলার বাদী বলেন, ওই মামলা করার জন্য পলাশ তার বাবা আলী আকবরের ইচ্ছা বরোধে বলে অভিযুক্ত করেন। ফলে কারাদোণের প্রতিশোধ নিয়ে সে মরিয়া হয়ে ওঠে। এনিয়ে ২০১০ সালের ২ মে সন্ধ্যার পর পিতার সঙ্গে পলাশের তুলম বাপবিত্ততা হয়। ওইদিন মধ্যরাত্রে পলাশহু অজ্ঞানতান ৪-৫ জন ব্যক্তি তার ঘুমন্ত পিসাকে বর থেকে ঢেকে নিয়ে যায়। পরেরদিন ও মে ভোর সাড়ে ৬টার দিকে প্রতিবেদী আমলগীরা হাওলাদার তাদের পিতাকে পার্শ্ববর্তী একটি ধান ক্ষেত্রে হাত-পা দড়ি দিয়ে বাঁধা এবং চোখ-মুখ গামড়া দিয়ে বানাসহ রক্তাক্ত জরাম অবস্থায় দেখে তাদের বাড়িতে খবর দেয়। পরে পরিবারের সদস্যরা মূর্মু অবস্থায় আলী আকবর হাওলাদারকে গ্রহণে উজিরপুর উপজেলা হাসপাতালে ও পরে

আশঙ্কাজনক অবস্থায় বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পর সেখানে তার মৃত্যু হয়। এরপর নিহতের মরদেহ ময়নাতদন্ত শেষে দাফন করা হয়। এজাহারে আরও উল্লেখ রয়েছে, অ্যাথুলেসযোগে আলী আকবরকে বরিশালে নেওয়ার সময় পলাশ অ্যাথুলেসে উঠে তার বাবার গায়ে হাত দিতে গেলে তার বাবা পলাশের হাত সরিয়ে দেন। তবে সেসময় তিনি মুখে কোনো কথা বলতে পারেননি। এতে বাদীর সন্দেহ হয়। পরে বাদীর ছোট ভাই সবুজের কাজ থেকে ওইদিন রাতে পলাশ ও তার সহযোগীরা বাবাকে ডেকে নিয়ে যাওয়ার ঘটনা শুনে থানায় এসে হত্যা মামলা করেন। চাফল্যকর এ মামলায় দীর্ঘ তদন্ত শেষে ২০১১ সালের ২৫ মার্চ উজিরপুর মডেল থানার ওসি সুকুমার রায় আদালতে ভিনজনকে অভিযুক্ত করে চার্জশীট দাখিল করেন। মামলায় একাধিক সাক্ষীর স্বাক্ষ্যহরণ শেষে বুধবার বিচারক উল্লেখিত রায় ঘোষণা করেছেন।

দেশে মৃত্যুর ৭০ ভাগ হন্দরোগ

তথ্য তুলে ধরা হয়। বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-বারটন রংপুরের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. ছাদেকুল ইসলাম এ প্রবন্ধ উপস্থাপন করেন। এ সময় তিনি জানান, রংপুরের মানুষের খাদ্য তালিকায় শতকরা ৬৭ ভাগ থাকে দানাদার খাদ্য। একজন ব্যক্তি প্রতিদিন ৫ গ্রাম লবণ খাওয়ার কথা থাকলেও থাকে ১১ গ্রাম, চিনি ২০ গ্রাম খাওয়ার কথা থাকলেও থাকে ৫ গ্রাম, শাক-সবজি ও ফলমূল ৪০০ গ্রাম খাওয়ার কথা থাকলেও থাকে ৩১৭ গ্রাম। এ ছাড়া জেলা শতভাগ মানুষ নিরাপদ উত্তর থেকে পানি খাচ্ছে, উন্নত স্যানিটেশন ব্যবস্থা রয়েছে ৬০ ভাগ মানুষের, শতকরা ৯৬ ভাগ হাত ধোয়ার স্থানে পানি ও সাবান আছে এবং শতকরা ৫৯ ভাগ পরিবার আয়েতিন যুক্ত লবণ যায়। ড. ছাদেকুল আরও জানান, বিশ্বে অতিরিক্ত লবণ খাওয়ার কারণে প্রতি বছর ৩০ লাখ মানুষ বাড়ছে স্ট্রোক ও হার্ট আটাকের বৃদ্ধি। ফলমূল কম খাওয়ার কারণে ২০ লাখ মানুষ মারা যাচ্ছে। বাদাম, বীজ, শাক-সবজি, সামগ্রিক থেকে পাওয়া ওমেগা-৩, আঁশ জাতীয় খাবারের পরিমাণ কম হওয়া মৃত্যুর বড় কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। সেমিনারে আরও জানানো হয়, বিশ্বে ১ কোটি ১০ লাখ ডায়েটি সম্পর্কিত মৃত্যুর মধ্যে ১ কোটি মৃত্যু হচ্ছে হৃদরোগে আক্রান্ত হয়ে। প্রতি পাঁচজনের মধ্যে একজনের জীবন আয়ু কমে যাচ্ছে। উত্তম খাদ্যভাস্য তৈরিরহ অস্বাভাবিক জীবনযারা পরিবর্তনে চ্যালেঞ্জ হিসেবে সেমিনারে জানানো হয়, দেশে রোগ সম্পর্কিত গবেষণা কম হওয়ায় রোগের প্রকৃত চিত্র মিলছে না। ৬০ শতাংশ সরকারি হাসপাতালে নেই রোগী নিয়ন্ত্রণ ব্যবস্থা। দেশে ১৫২টি আইন ও নীতিমাল্য থাকলেও খাদ্য নিরাপদ হচ্ছে না। ২৪-২৫ সালে বাংলাদেশে নিরাপদ খাদ্য অধিদপ্তরের বিভিন্ন খাদ্যদ্রব্যের নমুনা পরীক্ষায় শতকরা ৩৩ ভাগ নমুনা অনিরাপদ হিসেবে পেয়েছে। বারিমনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আব্দুর রাজ্জেকের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথির বক্তব্য দেন জেলা প্রশাসক ইসরাত জাহান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিভিল সার্জন শাহীন সুলতানা। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, নতুন প্রজন্মের পুষ্টি ও স্বাস্থ্য নিশ্চিত করতে আমাদের এখন থেকেই সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিতে হবে। আগের প্রজন্মের সময়ে পুষ্টি বিষয়ে প্রচারণা, সেমিনার ও সচেতনতামূলক কার্যক্রম তুলনামূলকভাবে কম ছিল। ফলে অনেক অভিভাবকই পুষ্টিগুন সমৃদ্ধ স্বাস্থ্যকর খাদ্যাত্যাস সম্পর্কে পর্যাপ্ত তথ্য জানতেন না। উদ্বেগ প্রকাশ করে জেলা প্রশাসক বলেন, বর্তমান প্রজন্মের সামনে অস্বাস্থ্যকর, প্রক্রিয়াকার ও কৃত্রিম উপাদানযুক্ত খাবারের বৃদ্ধি দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ কারণে শিশু ও তরুণদের পুষ্টি বিষয়ে সচেতন করতে পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান ও সংগঠিতদের সমঝিত কার্যকর উদ্যোগ প্রয়োজন। ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থভাবে বেড়ে উঠতে সহায়তা করতে সঠিক খাদ্যাভ্যাস ও পুষ্টি সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে তিনি সংশ্লিষ্ট সকলকের প্রতি আহ্বান জানান। সেমিনারে সভাপতির বক্তব্যে নারায়ণগঞ্জ বারটনের প্রধান কার্যালয়ের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুর রাজ্জেক বলেন, খাদ্যের পুষ্টিমান নিশ্চিত করতে হলে শুধু খাবার গ্রহণের দিকে নজর দিলেই হবে না। মাটি থেকে শুরু করে খাদ্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকৃতকরণ, রান্না এবং আমাদের প্লেটে পৌঁছানো পর্যন্ত প্রতিটি ধাপে খাদ্যের পুষ্টিগুণ ধরে রাখতে হবে। এই বৈজ্ঞানিক কর্মকর্তা বলেন, আমরা কী খাচ্ছি, তার পাশাপাশি সেই খাবার থেকে আমাদের শরীর পর্যাপ্ত পুষ্টি পাচ্ছে কি না-সেদিকেও বিবেচনা করতে হবে। এজন্য নিরাপদ, স্বাস্থ্যকর ও পুষ্টির মান নিশ্চিত করতে পুরো খাদ্যব্যবস্থাকে গুরুত্ব দিতে হবে। সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে সিভিল সার্জন ডা. শাহীন সুলতানা বলেন, প্রতিদিনের খাদ্য তালিকায় বৈচিত্র্য ও পুষ্টিমান বজায় রাখা জরুরি। অনিয়মিত খাদ্যাভ্যাস ভ্রাস্যোটিস ও উচ্চ রক্তচাপসহ বিভিন্ন অসংক্রামক রোগের বৃদ্ধি বৃদ্ধি পাচ্ছে। এর ফলে শুধু শারীরিক ক্ষতিই নয়, দীর্ঘমেয়াদি চিকিৎসা ব্যয়ের কারণে ব্যক্তি ও পরিবারের গুপার আর্থিক চাপও তৈরি হয়। এজন্য সুস্থ থাকতে আমাদের সবার স্বাস্থ্যকর ও বৈচিত্র্যময় খাদ্যাভ্যাস গড়ে তোলা প্রয়োজন। বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-বারটনের আয়োজনে সেমিনারে কৃষি, খাদ্য পুষ্টি, শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি দপ্তরের মোট ৫০ জন কর্মকর্তা অংশ নেন। এতে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা নিরাপদ খাদ্য উৎপাদন, উত্তম খাদ্যাভ্যাস তৈরি, ভেজাল খাদ্য বাজারজাতকরণের বিরুদ্ধে অভিযানসহ উত্তম জীবনধারায় জীবনযাপন করার উপর গুরুত্বারোপ করেন।

সমাজে স্বীকৃতিহীন

Researcher বা গবেষক। এতে জইহনি কোনো বাধানিষেধ না থাকলেও নৈতিক দৃষ্টিকোণ থেকে এটির ব্যবহার মোটেও উচিত হচ্ছে না। আমি মনে করছি, গবেষক শব্দের আরও একটি সুনির্দিষ্ট গভীরতা রয়েছে তা কেউ উপলব্ধি না করেই যথেষ্ট ব্যাবহারের ফলে এর মান অনেকখানি ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে।

গবেষক মূলত তিনি, যিনি কোনো নির্দিষ্ট বিষয়ে পদ্ধতিগত অনুসন্ধান (Methodological research) চালান, যার গবেষণাপত্র অস্বার্থভিত্তিক মতের জার্নালে বা বীক্তিতে ফোরামে প্রকাশিত ও মূল্যায়িত হয়েছে। তাই কেউ সত্তা পদে ভারী হওয়ার জন্য নিজের ওজন বাড়াতে গিয়ে কার্যত আরো কমিয়ে ফেলেছেন বলে আমি মনে করি। এই বিষয়টি অনেকাংশে আমাদের নৈতিক অবক্ষয়ের কারণ বলে আমি মনে করছি। তাই যেনতেন ভাবে ‘গবেষক’ একটি শব্দমাত্র হিসেবে ব্যবহার বন্ধ হোক।

আর সালামনা রুশান

লেখক, এমবিএল

উজিরপুরে পুকুরের

ভাসমান অবস্থায় উদ্ধার করা হয়। পরে প্রকৃতি তাকে উজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়। সেখানে কৃত্রব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ঘটনার সত্যতা নিশ্চিত করে উজিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাকিবুল ইসলাম জানান, শিশুটি পরিবারের চোখ এড়িয়ে পুকুরে পড়ে ছুবে যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে।

স্কুলে ঢুকে শিক্ষার্থীকে মারধর

করে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. শাহিনে জানান, গত মঙ্গলবার দুপুরে বিদ্যালয়ে প্রবেশ করে দশম শ্রেণির শিক্ষার্থী সাজ্জাদ ঢালীকে বেধড়ক মারধর করেন লিপন। পরে তাকে থলোর মাঠে নিয়ে কানধরে গুঠনক করানো হয়। উপস্থিতি শিক্ষকরা এ ঘটনার প্রতিবাদ জানালে তাদের সঙ্গেও অভ্যন্ত শালীন ও গালিগালাজপূর্ণ আচরণ করা হয়। এ নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে চরম ত্রুেজনা ও ক্ষোভ সৃষ্টি হয়। তিনি আরও জানান, বুধবার দুপুরে তালিক শরীফ পুনরায় স্থল ক্যাম্পাসে এসে উত্তেজিত শিক্ষার্থীরা ঠাক ঘিরে ফেলে। উদ্ধৃত পরিস্থিতি নিয়ন্ত্রণে তাকে দ্রুত শিক্ষকমঞ্জরী কার্যালয়ে নিরাপদে সরিয়ে নেওয়া হয় এবং বধ্যায়ী গোঁদনির দপ্তরে রাখা হয়। তার জীবন ঠিকঠাক হয়ে গেছে।

খবর পেয়ে সহকারী কমিশনার (ভূমি) স্কুলে উপস্থিত হয়ে সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে তাকে দণ্ড প্রদান করেন। শিক্ষীকে মারধরের কারণ সম্পর্কে প্রধান শিক্ষক বলেন, ভুড়ভোগী ছাত্র সাজ্জাদ নিজ খন্ডে পদ্মচোলা চালানোর জন্য পদ্মচোলা পাশাপাশি কাজ করে। ফলে মাকে মাঝে কিছু ঝ্রাসে অনুপ্রাণিত থাকে। ঝ্রাস ফাঁকি দেওয়ার অজুহাতে তাকে আনাবিক নির্বাসন করা হয়। গৌরদীন সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদীয়া হাসান জানান, শিক্ষাপ্রতিষ্ঠানের শৃঙ্খলা বিনষ্ট ও শিক্ষক-শিক্ষার্থীর মিত্রতা করার দায়ে আইনানুযায়ী সাজা দেওয়া হয়েছে। বিদ্যালয় পরিবেশ ও জনস্বার্থে এ ধরনের প্রশাসনিক পদক্ষেপ অব্যাহত থাকবে। সাজা ঘোষণার পর দণ্ডপ্রাপ্তকে বরিশাল জেলাহাজতে অব্যাহত করে জন গোঁদনির দপ্তরে সোপর্দ করা হয়েছে।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিংয়ের

ঢাকা জরিমানার শাস্তি দেয়া হয়েছে। বিভাগভিত্তিক শাস্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন: আইন বিভাগ- ১৫ জুলাই আইন বিভাগে র‍্যাগিংয়ের ঘটনায় পাঁচ শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তি দেওয়া হয়েছে। জয়শ্রী রাণী বিশ্বাসকে ছয় মাসের জন্য একাডেমিক বহিষ্কার অথবা ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। রুবায়েয়া সুলতানা রাবা, মো. রিদোয়ান চৌধুরী, মো. মানজারুল হক ও রেসবুল হাসান আবিবকে এক বছরের জন্য একাডেমিক বহিষ্কার অথবা ২০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। রাষ্ট্রবিজ্ঞান বিভাগ- ২২ জুলাই রাষ্ট্রবিজ্ঞান বিভাগে র‍্যাগিংয়ের ঘটনায় ১০ শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তি দেওয়া হয়েছে। মো. কাজী নাবির, সুমাইয়া আক্তার রিয়া, ইয়ামিন হোসেন, ফারিয়া বিনতে হোসেনইশমা, মো. ওয়েদুজ্জমান রিহাৎ, মো. আরিফুল ইসলাম, সাদিয়া ইসলাম ও মো. নাইম ইসলামকে ১০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। রাহি আনোয়ারকে ১৫ হাজার টাকা জরিমানা অথবা ছয় মাসের জন্য একাডেমিক বহিষ্কার এবং মো. রাকিবুল ইসলামকে ২০ হাজার টাকা জরিমানা অথবা এক বছরের জন্য একাডেমিক বহিষ্কার করা হয়েছে।। মার্কেটিং বিভাগ- ১৯ আগস্ট মার্কেটিং বিভাগে র‍্যাগিংয়ের ঘটনায় ১৯ শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তি দেওয়া হয়েছে। সুরাইয়া আক্তার, সৌভদ মালী, মো. মেহেদী হাসান অমি, আজিজুল ইসলাম চয়ন, ঐশী মন্ডল, এসএম সাইফুজ্জামান, মো. খালেদ হোসেন, জাভাউল বুশরা জুনি, আলাফ হোসেনর মনন, রূর নবী, কিশোর কুমার দত্ত, রিফাত হাওলাদার ও হাসিব শেখকে ছয় মাসের জন্য একাডেমিক বহিষ্কার অথবা ১৫ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। মো. সবুজ মিয়াকে এক বছরের জন্য একাডেমিক বহিষ্কার অথবা ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া সাদিয়া বেগম, রেহা আক্তার, ফারিয়া শিমুল কলি, দিলারুল ইসলাম ও তামারিক কবির রাফিকে ১০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। ইসলামি বিভাগ- ৯ আগস্ট পিএসই বিভাগে র‍্যাগিংয়ের ঘটনায় ১৪ শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তি দেওয়া হয়েছে। মো. মুজাহিদ হাওলাদার, অনিন্দা সাহা অর্থ, চন্দন মিল্লি, কাউদার হোসেন সৌরভ, সুময় তরফা, সাফায়েত ইসলাম শিহাব, অয়ন দাস ধীপ ও সিদ্ধার্থ সরকারকে ১০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। মো. মোাম বিল্লাহ ও মুরবিল ইসলাম নোবেলকে এক বছরের জন্য একাডেমিক বহিষ্কার অথবা ২০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। মো. রবিউল ইসলাম, মো. মাইলুল ইসলাম সাকিব, মো. রেজুয়ান আজাদ ওয়াসি ও মো. মাহফুজুর রহমানকে ছয় মাসের জন্য একাডেমিক বহিষ্কার অথবা ১৫ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। চিঠিতে জানানো হয়েছে, জরিমানা পরিশোধের সময়সীমা পত্র ইস্যুর তারিখ থেকে ১ মাস। এতে নির্দিষ্ট সময়সীমার মধ্যে জরিমানা পরিশোধ করতে ব্যর্থ হলে বিজ্ঞহাযের জরিমানা প্রযোজ্য হবে বলে পত্রতে উল্লেখ করা হয়। রুপিউটার হোসিড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চ্যোরাডমান অ্যাপ্যল ড. রাহাত সোহাইন ফয়সাল বলেন, “ভিনটি কাটাগাছেতে শাণি নির্ধারণ করা হয়েছে-বহিষ্কার অথবা নির্দিষ্ট পরিমাণ জরিমানা। শিক্ষার্থীরা যেন ভুল শুধরে নেওয়ার সুযোগ পায়, সেজন্য প্রথমবার জরিমানের বিকল্প রাখা হয়েছে। তবে ভবিষ্যতে এমন অপরাধের ক্ষেত্রে সরাসরি বহিষ্কারের কার্যকর হবে।” বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মো. মেহেদী হাসান সোহাগ বলেন, “মোট ৪৮জন শিক্ষার্থীকে র‍্যাগিং এ বিষয়ে শাস্তি দেয়া হয়েছে। র‍্যাগিংয়ের বিষয় বরিশাল বিশ্ববিদ্যালয় জিরো টোলসেপ নীতি পনো করছে। প্রাথমিকভাবে চারটি ডিপার্টমেন্টে তদন্ত রিপোর্ট দেওয়া হচ্ছে, এচারটি ডিপার্টমেন্টের স্টুডেন্টদের কে আমরা শাস্তির আওতাভুক্ত করছি। আর অন্য একটি ডিপার্টমেন্ট তদন্ত রিপোর্টে স্টুডেন্টের নাম উল্লেখ না করায় আমরা তাদের কে পুনরায় তদন্ত করার জন্য বসেছি। এবং পুনরায় তদন্ত রিপোর্ট নামসহ জমা দিলে আমরা তাদেরকে আইনের আওতায় আনবো।”

৪৯তম বিসিএসে শিক্ষা

নিয়োগ পাওয়া প্রার্থীদের দুই বছর শিক্ষানবিশ হিসেবে কাজ

বীরেন্দ্রনাথগা

আত্মজীবনী গ্রন্থটির

ভাণ্ডারিয়ায় ৬২ প্রাথমিকে

জানান ৬৮নং হাই সলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জ্যেষ্ঠ সহকারী শিক্ষক মো. সাইদুর রহমান সুমন। ১৬২বিদ্যালয়ে সহকারী শিক্ষকের ৯৭টি পদ শূন্য রয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানাগেছে, উপজেলায় পৌরসভা ও ছয়টি ইউনিয়নে মোট ১৬৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৬২টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য। পাশাপাশি ৯৭টি সহকারী শিক্ষকের পদও শূন্য রয়েছে। প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় এসকল বিদ্যালয়ে পাঠদান ব্যাহত হচ্ছে বলে জানান অভিভাবক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক,মো. বেলায়েত হোসেনের সাথে আলাপকালে তারা জানা যায়, প্রধান শিক্ষক না থাকায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকদের দিয়ে একদিকে শ্রেণিকক্ষে পাঠদান করতে হচ্ছে, অন্যদিকে সমালোচে হচ্ছে বিদ্যালয়ের প্রশাসনিক কাজ। বিভিন্ন দাপ্তরিক কাজের প্রয়োজনে উপজেলা শিক্ষা অফিসসহ বিভিন্ন জায়গায় যেতে হয় তাদের। ফলে তাতে পাঠদান ব্যহত হওয়ার পাশাপাশি প্রশাসনিক কাজের উপর চাপ বাড়ে। এ বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. বদিউজ্জামান জানান, ৬২টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ দীর্ঘদিন পর্যন্ত শূন্য আছে। শিক্ষকদের জাতীয়করণের দাবিতে মামলা করায় প্রধান শিক্ষক পদে পদোন্নতি করা যায়নি। এখন পদোন্নতির বিষয়টির কার্যক্রম হয়েছে,তবে এখানে সুস্পষ্ট কোন নির্দেশনা পাইনি। প্রধান শিক্ষক সহকারী প্রধান শিক্ষকসহ শূন্য পদের তালিকা সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পাঠানো হয়েছে। সরকার নিয়োগ দিয়েছে দ্রুতই এসকল পদ পূরণ হবে।

বিতর্ক প্রতিযোগিতার ফাইনালে

যুক্তিবাদী তরুণদের ভূমিকা অপরিসীম। তাই নিয়মিত যুক্তি চর্চা প্রয়োজন। বিএম কলেজ ছাত্রদের সভাপতি রাফিবুল ইসলাম জুবায়েরের সভাপতিত্বে ৭মুঠুঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো তাজুল ইসলাম ও বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবু তাহের মোহাম্মদ রাশেদুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএম কলেজের উপাধ্যাক্ষ প্রফেসর কাজী জাযের আহমেদ। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মহাপনগর ছাত্রদল সভাপতি মো: এনামুল হাসান তাসলিম। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিএম কলেজ ডিবেটিং ক্লাবের সভাপতি অনিক হোসেন তুহিন ও আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক আজিজুল ইসলাম সাগর।

চরফ্যাশনে নির্ধারিত সময়ের আগেই

প্রায়শই নির্ধারিত সময়ের আগেই ক্রিনিকে তালা যুলিয়ে চলে যায়। এছাড়া সপ্তাহে একাধিক দিন তিনি কর্মস্থলে সম্পূর্ণ অনুপস্থিত থাকেন বলেও জানা গেছে। প্রত্যন্ত অঞ্চলের সাধারণ মানুষ, বিশেষ করে গরবতী নারী ও শিশুরা জরুরি প্রাথমিক চিকিৎসা এবং বিনামূল্যে সরকারি গুণ্ধ ও স্বাস্থ্যসেবা নিতে এসে প্রতিদিন ক্রিনিক বন্ধ গেয়ে ফিরে যাচ্ছেন। ভুক্তভোগী স্থানীয় বাসিন্দা ক্ষোভ প্রকাশ করে জানান, দায়িত্বরত কর্মকর্তার এই স্বেচ্ছাচারিতা ও দায়িত্বহীনতার কারণে সরকারের তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা কার্যক্রম মারাত্মকভাবে প্রশ্রবদ্ধ হচ্ছে। এই বিষয়ে স্থানীয় ভুক্তভোগীরা অবিলম্বে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার আশ্রয়স্থল ইসলাম সুমন(ইউএইচএফপিও) দৃষ্টি আকর্ষণ করেন। গ্রামীণ জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যেন দ্রুত এই অনিয়মের বিরুদ্ধে উজ্জ্বল কর্তৃপক্ষ কঠোর প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করবেন বলে আশা বাদি।

২৩ বছর ধরে ইরাকের তেল

বিজয় হিসেবে দেখছে। তবে ২০০৩ সালে ইরাকে মার্কিন আত্মসমর পর থেকে দেশটির তেল বিক্রির অর্থের ওপর কার্যকর নিয়ন্ত্রণ ধরে রেখেছে যুক্তরাষ্ট্র। ইরাকের তেল আয়ের উলার মূলত নিউইয়র্কের ফেডারেল রিজার্ভ ব্যাংকের মাধ্যমে ব্যবস্থাপনা করা হয়। এর ফলে বাগদাদের অর্থনৈতিক ও রাজনৈতিক সিদ্ধান্তে ওয়াশিঙন এখনো বড় ধরনের প্রভাব রাখে। এর প্রভাব হানাকের ঘিরে আঞ্চলিক রাজনীতিও পড়ছে। ইরাকের তেল আয়ের অর্থ ব্যবস্থাপনার সঙ্গে সরাসরি জড়িত নিউইয়র্কের ফেডারেল রিজার্ভ ব্যাংক। ২০০৩ সালে ইরাকে মার্কিন নেতৃত্বাধীন আত্মসমনের পর দেশটির তেল বিক্রির অর্থ সংগ্রহ ও পুনগঠন ও উন্নয়নকাজে ব্যবহারের জন্য ডেভেলপমেন্ট ফান্ড ফর ইরাক (ডিএফআই) গঠন করে মার্কিন নেতৃত্বাধীন কোয়ালিশন প্রভিশনাল অথরিটি (সিপিএ)। ডিএফআই নিউইয়র্ক ফেডে রাখা হয়েছিল। এর আরেকটি উদ্দেশ্য ছিল ইরাকের সাবেক প্রেসিডেন্ট সাদাম হোসেনের শাসনামলের সঙ্গে সংশ্লিষ্ট মামলা, দাবি বা আইনি জটিলতা থেকে ইরাকের তেল আয়ের অর্থে সুরক্ষা দেওয়া। তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ এ ব্যবস্থা চালুর জন্য একটি নির্বাহী আদেশ জারি করেছিলেন। এরপর থেকে পরবর্তী প্রত্যেক মার্কিন প্রেসিডেন্ট ওই ব্যবস্থা নবায়ন করেছেন। সময়ের সঙ্গে ডিএফআই ইরাকের কেন্দ্রীয় ব্যাংকের (সিবিআই) একটি হিসাবের রূপ নেয়, যা নিউইয়র্ক ফেডারেল রিজার্ভে পরীক্ষাণিত হয়ে। ইরাকের রাজত্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ উৎস হলো তেল। দেশটির রাষ্ট্রীয় বাজেটের প্রায় ৯০ শতাংশই তেল থেকে আসে। ফলে তেল বিক্রির অর্থের প্রবাহ ও সেই অর্থ ব্যবহারের সুযোগের ওপর যুক্তরাষ্ট্রের প্রভাব বাগদাদের অর্থনীতির ও রাজনৈতিক স্থিতিশীলতার ওপরও উল্লেখযোগ্য প্রভাব তৈরি করে। ২০১৩ সালে ইরাক সরকার যখন মার্কিন সেনাদের দেশ থেকে প্রত্যাহারের দাবি জানিয়েছিল, তখন ওয়াশিংটন নিউইয়র্ক ফেডে থাকা ইরাকের তহবিলে প্রবেশাধিকার বন্ধ করে দেওয়ার হুমকি দিয়েছিল বলে রয়টার্সের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। শেষ পর্যন্ত বাগদাদ ও রাষ্ট্রীয় অর্থ সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। অত্যাশ, দখলদারিত্বের প্রথম দিকের তুলনায় নিজেদের আর্থিক বিষয়ে ইরাকের নিয়ন্ত্রণ অনেক বেড়েছে। তারপরও নিউইয়র্ক ফেডের সঙ্গে আলয়ের এই সম্পর্ক দেশটির অর্থনৈতিক ব্যবস্থায় যুক্তরাষ্ট্রের দীর্ঘস্থায়ী প্রভাবের বিষয়টি স্পষ্ট করে। একই সঙ্গে ইরাক যখন নিজের সাংস্কেমত ও স্বাধীনতা আরও জোরদার করার চেষ্টা করছে, তখন এই আর্থিক সম্পর্কও গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। ইরাকি সরকারি কর্মকর্তারা নাম প্রকাশ না করার শর্তে রয়টার্সকে বলেন, এই ব্যবস্থা দেশটির আর্থিক স্থিতিশীলতা ধরে রাখতে ও রাষ্ট্রীয় অর্থ সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। তাদের মতে, নিউইয়র্ক ফেডের মাধ্যমে তেল আয়ের ব্যবস্থাপনা আন্তর্জাতিক পর্যায়ে ইরাকের অর্থ পরিসালনা নিয়ে আস্থা বাড়ায়। একই সঙ্গে বাণিজ্য ও আমদানির জন্য প্রয়োজনীয় মার্কিন ডলারে সহজ প্রবেশাধিকার নিশ্চিত করতে সহায়তা করে।

গঙ্গা পানি চুক্তি কারিগরি

রয়েছে, সেগুলো নিয়ে আলোচনা ও বিষয়গুলোর সমাধান করা হয় যৌথ নদী কমিশনের মাধ্যমে। ভারতীয় বার্তা সংস্থা এএনআইয়ের খবরে বলা হয়েছে, বাংলাদেশ গঙ্গা পানি চুক্তি পুনর্বিশ্লেষণ উদ্যোগ নিয়ে পারে, এমন প্রস্তাব জবাবে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, দুই দেশের মধ্যে অভিন্ন নদীগুলো নিয়ে আলোচনা করার জন্য আগে থেকেই একটা প্রাতিষ্ঠানিক ব্যবস্থা রয়েছে। তিনি বলেন, ‘গঙ্গা পানি চুক্তির ক্ষেত্রে, এবং বাংলাদেশ ও ভারতের মধ্যে অভিন্ন অন্যান্য নদীর ক্ষেত্রেও আমাদের একটি যৌথ নদী কমিশন রয়েছে। নদী-সংক্রান্ত সব বিষয় এই কমিশনের আওতায় আলোচনা করা হবে। গঙ্গা পানিবন্টন চুক্তি নিয়েও কারিগরি পর্যায়ে নিয়মিত বৈঠক ও আলোচনা চলছে।’ ভারতের পক্ষ থেকে এই বক্তব্য এমন এক সময় এল, যার আগে গত ১৯

সেপ্টেম্বর বাংলাদেশের জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি জানিয়েছেন, ভারত ও বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত ১০১টি চুক্তি ও সমঝোতা স্মারক পর্যালোচনা করছে বাংলাদেশ সরকার। তিনি বলেন, এসব চুক্তি ও সমঝোতার মধ্যে কোনো অসঙ্গতি রয়েছে কি না এবং বাংলাদেশের স্বার্থের সঙ্গে কোনো বিষয় সাংঘর্ষিক কি না, তা যাচাই করা হবে। যদি এমন কোনো বিষয় পাওয়া যায়, তাহলে তা দুই দেশের স্বার্থের কথা বিবেচনা করে সংশোধন বা সমাধানের উদ্যোগ নেওয়া হবে। এমনআইকে টেলিফোনে দেওয়া এক সাক্ষাৎকারে নূরুল ইসলাম মনি বলেন, ‘চুক্তিগুলো বাতিল করার কোনো পরিকল্পনা বাংলাদেশের নেই। তবে পর্যালোচনার সময় যদি এমন কোনো ধারা বা বিধান পাওয়া যায়, যা বাংলাদেশের স্বার্থের বিরুদ্ধে যায়, তাহলে সেগুলো পরিবর্তন বা বাদ দেওয়ার উদ্যোগ নেওয়া হবে।’ তিনি বলেন, ‘আমরা ভারতের সঙ্গে করা চুক্তিগুলো পর্যালোচনা করব, সেখানে কোনো অসঙ্গতি আছে কি না তা দেখব। যদি কোনো অসঙ্গতি পাওয়া যায়, তাহলে আমরা তা সমাধানের চেষ্টা করব।’ তিনি আরও বলেন, ‘বাংলাদেশের সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগগুলো বিদ্যমান চুক্তিগুলো পর্যালোচনা করবে এবং কোনো অসঙ্গতি আছে কি না তা যাচাই করবে। কেবল কোনো অসঙ্গতি পাওয়া গেলেই তা সমাধানের জন্য ভারতের সঙ্গে আলোচনা করা হবে।’ এদিকে, বাংলাদেশ সরকার আরও চুক্তি পর্যালোচনা করছে এমন খবর ভারতীয় সংবাদমাধ্যমে প্রকাশিত হওয়ার পর নয়াদিল্লি বিষয়টি নজরে রেখেছে বলে জানায়। তবে ভারত বলছে, এ বিষয়ে ঢাকার কাছ থেকে এখনো কোনো আনুষ্ঠানিক যোগাযোগ করা হয়নি। চলতি মাসের শুরুতে এক পৃথক সর্বদল মৈসেলে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেছিলেন, ‘আমরাও এ বিষয়ে কিছু সংবাদমাধ্যমের প্রতিবেদন দেখেছি। তবে এ বিষয়ে আমাদের কাছে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি। অবশ্যই, নিজেদের স্বার্থ রক্ষার জন্য ভারত প্রয়োজনীয় সব পদক্ষেপ নেবে।’

ভালো মানুষ হতে শিক্ষার্থীদের দেশপ্রেম

হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে। তিনি অভিযোগ করে বলেন, বিশৃত ফ্যানিস্ট সরকার শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করে দিয়েছে। শিক্ষার্থীদের অটোপাস দেওয়ার মাধ্যমে শিক্ষার মান নষ্ট করা হয়েছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাউখালী উপজেলা বিএনপির সভাপতি এস এম আহসান কবির ও সাধারণ সম্পাদক এচএ এম দীন মোহাম্মদ। প্রধান বক্তা ছিলেন পিরোজপুর জেলা ছাত্রদলের সভাপতি সালাউদ্দিন তালুকদার কুমার এবং বিশেষ বক্তা ছিলেন জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান শাহীন। এ ছাড়া অনুষ্ঠানে উপজেলা বিএনপির বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মী, শিক্ষক, অভিভাবক ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

দক্ষিণ চরআইচা রাক্বানিয়া

১ জানুয়ারি ২০২৫ তারিখে মাদ্রাসাটিতে উপাধ্যাক্ষ পদে যোগদান করেন। পরবর্তীতে ২০২৬ সালের মে মাসে পুনর্নিয়োগের প্রেক্ষিতে এমপিওভুক্তিজন্য আবেদন করা হলে তা অনুমোদিত হয়। তবে তাঁর উপাধ্যাক্ষ পদে নিয়োগ ও এমপিওভুক্তির বৈধতা নিয়ে উদ্ধাগিত অভিযোগটি তদন্তপূর্বক নিষ্পত্তির প্রয়োজন রয়েছে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। এ অবস্থায় অভিযোগের বিষয়টি যথাযথভাবে নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাঁর বেতন-ভাতা (এমপিও) সাময়িকভাবে স্থগিত করা হয়েছে বলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের চিঠিতে জানানো হয়। এছাড়া অভিযোগের বিষয়ে তাঁর বক্তব্য জানানর জন্য আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় কাগজপত্রসহ লিখিত জবাব দাখিল করতে নির্দেশ দেওয়া হয়েছে।

নেছারাবাদে স্কুল ফিডিংয়ের ৩০ প্যাকেট

দুই সহযোগী। এদিকে দুধ চুরির ঘটনা জানার পরও উপজেলা শিক্ষা অফিসকে অবহিত না করায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নূরুল ইসলামকে কারাগ দর্শানোয় পোটিশ (শোকজ) দেওয়া হয়েছে। নেছারাবাদ উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. মাইনুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, তিন কর্মদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে। বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোসাম্মৎ আশা জানান, গত শুক্রবার বিদ্যালয়ে স্থানীয় বিএনপির কয়েকজন নেতা-কর্মী আসেন। তাঁদের আগায়ন ও বসার ব্যবস্থা করতে শিক্ষকেরা ব্যস্ত থাকার সুযোগে লাইব্রেরিতে রাখা শিক্ষার্থীদের দুধ নিয়ে যাওয়ার ঘটনা ঘটে। পরে মঙ্গলবার বিষয়টি তাঁদের নজরে আসে। তাঁর দাবি, নাদিমসহ তিন যুবক লাইব্রেরি থেকে ৩০ প্যাকেট দুধ নিয়ে যান। বিষয়টি জানাজানি হওয়ার পর বুধবার সকালে তাঁরা বিদ্যালয়ে এসে ২৭ প্যাকেট ফেরত দেন। বাকি তিন প্যাকেট তাঁরা খেয়ে ফেলেছেন। তবে দুধ চুরির অভিযোগে পুরাপুরি স্বীকার করেননি নাদিম মাহমুদ। তিনি বলেন, তিনি ও তাঁর দুই বন্ধু স্কুল থেকে তিন প্যাকেট দুধ নিয়ে খেয়েছেন। ৩০ প্যাকেট দুধ নেওয়ার বিষয়টি পরে জানতে পেরেছেন। খবর পেয়ে বুধবার সকালে স্কুলে এসে বাকি ২৭ প্যাকেট দুধ ফেরত দিয়েছেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নূরুল ইসলাম বলেন, গত শুক্রবার ঘটনা ঘটার পর থেকে দিনেও শিক্ষা অফিসকে জানানো হয়নি। বিষয়টি জানতে পেে প্রধান শিক্ষককে শোকজ করা হয়েছে। অভিযুক্তরা এরই মধ্যে ২৭ প্যাকেট দুধ ফেরত দিয়েছেন।

ভোলায় ডেঙ্গু আক্রান্তদের অধিকাংশই

চলে আসছে। পরে হাসপাতালে ভর্তি করা। কিছুই খেতে পারে না,খেলোই বমি করে। আমার ছেলের অবস্থা খুবই খারাপ, রক্ত পরীক্ষায় জানা গেছে রক্তে প্রোটিনেটও অনেক কম। পোলাডারে নিয়া এখন অনেক চিন্তায় আছি বলেই র্কেদে ফেলেন এই মা। মিরাজের বাবা কামাল রাঢ়ি বলেন, আমাদের বাড়ি ভোলা সদর উপজেলার ভেলুমিয়া ইউনিয়নে। ছেলোটা চট্টগ্রামে কাজ করতে যাওয়ার ৮ দিনের মাথায় প্রথমে জ্বরে আক্রান্ত হয় এবং সাথে শরীর ব্যথা বমিসহ অন্যান্য লক্ষণ দেখা দিলে তাকে আমরা বাড়িতে নিয়ে এসে হাসপাতালে ভর্তি করা। একই চিত্র চট্টগ্রাম ফেরত ডেঙ্গু আক্রান্ত বৃদ্ধ মোজাম্মল বেপারীওও। রক্তের প্রোটিনেট মতে যাওয়ারপর অন্যান্য জটিলতা দেখা দেয়ারপর বড় ধরনের যুঁকি এড়াতে উন্নত চিকিৎসার জন্য তাকে ভোলায় ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে থেকে রেফার্ড করা হয়েছে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। তবে উন্নত চিকিৎসার জন্য আর্থিক সার্বার্থ না থাকায় চরম দুশ্চিন্তায় তার পরিবার। মোজাম্মল বেপারীর মেয়ে একনিমা বেগম বলেন, সম্প্রতি চট্টগ্রামে আমার বড় ভাইয়ের বাড়িতে বেড়াতে গিয়েছিলেন বাবা। গত ৩ দিন আগে বাড়িতে ফেরার পরই বাবার শরীরে জ্বর ও ব্যাধাসহ অন্যান্য জটিলতার দেখা দিলে তাকে হাসপাতালে ভর্তি করা। আর্থিক দুরাবস্থায় তার উন্নত চিকিৎসাও অনিশ্চিত হয়ে পড়ছে। ভোলায় সিভিল সার্জন কার্যালয়ের তথ্য মতে, সেপ্টেম্বর-অক্টোবর মাসকে ধরা হয়

ডেঙ্গুর মৌসুম। দ্বীপ জেলাটিতে চলতি বছরে পৌনে ৭০০ জন ডেঙ্গু রোগী স্থানীয় হাসপাতালগুলোতে চিকিৎসা নিয়েছেন। এর মধ্যে শুধু সেপ্টেম্বর মাসেই ডেঙ্গু আক্রান্ত রোগী চিকিৎসা নিচ্ছেন প্রায় সাড়ে ৩০০ জন। গত ২৪ ঘণ্টায় জেলা জেনারেল হাসপাতালসহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৪২ জন ডেঙ্গু আক্রান্ত রোগী চিকিৎসাবীন রয়েছেন। এছাড়াও ঢাকায় ডাব ব্যবসায়ী মো. হোসেন বলেন, ঢাকায় আমি ডাব বিক্রি করি। ঢাকায় ব্যাচেলর থাকি। ৪ দিন আগে হটাৎ শরীরে প্রচুর জ্বর ও মাথা ব্যথা শুরু হওয়ার পর ভোলায় গ্রামের বাড়িতে চলে আসি। এরপর ভোলা সদর হাসপাতালে ভর্তি করানোর পর পরীক্ষায় ডেঙ্গু ধরা পড়ে। বুঝতে পারছি যে আমি ঢাকাতে ডেঙ্গু আক্রান্ত হয়েছি। অন্যদিকে ডেঙ্গু আক্রান্ত থেকে বাদ যারনি ১০ মাসের ছোট শিশু থেকে মাদরাসাছাত্র কেউই। বাড়িতে রাতে শিশুদের মশারির ভেতরের রাখার পরও তারা ডেঙ্গু আক্রান্ত হয়েছেন বলে দাবি অভিভাবকদের। ডেঙ্গু আক্রান্ত শিশু রাফির মা লাইজু আক্তার বলেন, আমার ছেলের বয়স ১০ মাস। গত ৩ দিন ধরে জ্বর। জ্বর না কমায় তাকে হাসপাতালে এনে টেস্ট করার পর ডেঙ্গু শনাক্ত হয়েছে। রাতে তাকে মশারির ভেতরে রাখার পরও ডেঙ্গু আক্রান্ত হয়েছে। ভোলায় ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা.আরাফাতুর রহমান বলেন, হাসপাতালে প্রতিদিনই নতুন নতুন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হচ্ছেন। চিকিৎসা নিতে আসা রোগীদের মধ্যে অধিকাংশই ঢাকা-চট্টগ্রাম থেকে ডেঙ্গু আক্রান্ত হয়ে উপজেলা হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি হচ্ছেন। ডেঙ্গু আক্রান্ত রোগীদের যথাযথ চিকিৎসার সকল ব্যবস্থা আমাদের কাছে রয়েছে। এছাড়াও কারো শরীরে অতিরিক্ত জ্বর ও শরীর ব্যাধাসহ অন্যান্য লক্ষণ দেখা দিলে সরকারি হাসপাতালগুলোতে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষার পরামর্শ এই চিকিৎসকের। যুঁকি এড়াতে বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ মেনে চলাসহ আতংকিত না হওয়ার আহ্বানও জানান তিনি। ভোলায় সিভিল সার্জন ডা. যু. মনিরুল ইসলাম বলেন, ভোলা জেলা প্রশাসন, স্বাস্থ্যবিভাগ ও অন্যান্যদের সমন্বয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং মশক নিধন কর্মসূচি চলমান থাকায় বর্তমানে ডেঙ্গুর মৌসুম চললেও বরিশাল বিভাগের মধ্যে ভোলায় ডেঙ্গু পরিস্থিতি সহনীয় পর্যায়ে রয়েছে। ফলে সেপ্টেম্বর মাসে আক্রান্তের সংখ্যা বাড়লেও এ বছর এখনো পর্যন্ত ভোলায় ডেঙ্গু আক্রান্ত হয়ে কারো প্রাণহানি হয়নি। তবে আক্রান্তের অধিকাংশই ঢাকা-চট্টগ্রাম ফেরত। এছাড়াও ডেঙ্গু আক্রান্ত থেকে ব্রক্ষিত থাকতে বাড়ির আদিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধিসহ কোনো ব্যক্তির ডেঙ্গু আক্রান্তের লক্ষণ দেখা দিলে দ্রুত স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্স থেকে বিনামূল্যে পরীক্ষা এবং চিকিৎসা নেওয়ার পরামর্শ দেন তিনি।

ডিবি পরিচয়ে নিজ দলের নেতাকে নির্যাতন

আহায়ক মাসুদ রানা। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ছাত্রদল কেন্দ্রীয় সদস্যদের সিদ্ধান্ত অনুযায়ী সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে আমিরুল ইসলাম ফাহিম ও মাসুদ রানাকে প্রাথমিক সদস্য পদসহ সব সাংগঠনিক পদ থেকে বহিষ্কার করা হয়েছে। এরই সঙ্গে ছাত্রদলের সব পর্যায়ের নেতাকর্মীদের তাদের সঙ্গে কোনো ধরনের সাংগঠনিক সম্পর্ক না রাখার নির্দেশ দেওয়া হয়েছে। ছাত্রদলের সভাপতি রাফিবুল ইসলাম রাফিব ও সাধারণ সম্পাদক মাহমুদ হাসান শাহীন ওই সিদ্ধান্ত অনুমোদন করেছেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। এর আগে গত ২৯ সেপ্টেম্বর কুয়াকাটা প্রেস ক্লাবে সর্বদল মৈসেলে করে মহিপুর থানা সদর ইউনিয়ন ছাত্রদলের সাংস্কৃতিকবিষয়ক সম্পাদক রেহেদী হাসান ফারুক অভিযোগ করেন, গত ১৭ সেপ্টেম্বর তারে মহিপুর বাজার থেকে কয়েকজন ব্যক্তি নিজেদের ডিবি পুলিশ পরিচয় দিয়ে তাকে তুলে নিয়ে যান। পরে কলাপাড়া নিয়ে তাকে রাতভর মারধর ও নির্যাতন করা হয় বলে দাবি করেন তিনি। ফারুকের অভিযোগ, একটি বিয়ের অনুষ্ঠানে সাক্ষী হওয়াকে কেন্দ্র করে এ ঘটনা ঘটে। তিনি কলাপাড়া উপজেলা ছাত্রদলের ওপর আত্মায়ক মাসুদ রানা, সদস্য সচিব আমিরুল ইসলাম ফাহিম, রাশেদসহ ১০-১৫ জনের বিরুদ্ধে নির্যাতনের অভিযোগে আনেন। সর্বদল মৈসেলে ফারুক দাবি করেন, তাকে তুলে নেওয়ার সময় অভিজ্ঞদের হাতে ওয়াকিটকি ছিল। পরে তাকে কলাপাড়ার একটি নির্জন এলাকায় নিয়ে মারধর করা হয়। রাত ১টার দিকে তাকে গুলতর আহত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। ফারুক আরও দাবি করেন, নির্যাতনের সময় তিনি অভিমুক্তদের কাছ থেকে নিজেকে ছেড়ে দেওয়ার আকুতি জানিয়েছিলেন। তার ভাষ্য, ‘আমি তাদের পা ধরে আঁকা বলে ডেকেছি। বলছি, আমার বাবা নেই, আপনারাই আমার বাবা। আমার মা অসুস্থ- এ ঘটনা জানলে তিনি মারা যেতে পারেন। তারপরও তারা আমাকে ছাড়েনি।’ তবে ফারুকের অভিযোগ স্বীকার করেছেন বহিষ্কৃত দুই নেতা। আমিরুল ইসলাম ফাহিম বলেন, ঘটনার সঙ্গে তার কোনো সম্পৃক্ততা নেই এবং তাকে ফাঁসানোর চেষ্টা করা হচ্ছে। মাসুদ রানাও তার বিরুদ্ধে আনা অভিযোগ স্বীকার করেছেন।

তারপরও তারা আমাকে ছাড়েনি।’ তবে বহিষ্কারদের অভিযোগ স্বীকার করেছেন বহিষ্কৃত দুই নেতা। আমিরুল ইসলাম ফাহিম বলেন, ঘটনার সঙ্গে তার কোনো সম্পৃক্ততা নেই এবং তাকে ফাঁসানোর চেষ্টা করা হচ্ছে। মাসুদ রানাও তার বিরুদ্ধে আনা অভিযোগ স্বীকার করেছেন।

বাউফলে ইলিশ রক্ষায়

মাহমুদ বুলবুল, উপজেলা মৎস্য কর্মকর্তা এম এম বাউভেজ, উপজেলা কৃষি কর্মকর্তা মিলন মিশ্রা, বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম সিরাজ, উপজেলা বিএনপির সদস্য সচিব আপেল মাহমুদ ফিরোজ, পৌর জামায়তের সাধারণ সম্পাদক নূরুল আলম, গণ অধিকার পরিষদ বাউফল উপজেলা সভাপতি হাবিবুর রহমান হাবিব মাস্টারসসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও জনপ্রতিনিধিরা। সভায় বাউফল উপজেলার ১৫টি ইউনিয়নের জনপ্রতিনিধিরাও অংশ নেন।

‘জিন আতকে’ মনস্তাত্ত্বিক রোগে

মুহূর্তের মধ্যে ঘটনাক্রী পুরো বিদ্যালয়ে ছড়িয়ে পড়লে বিভিন্ন শ্রেণিকক্ষের ছাত্রীরাও সংজ্ঞা হারিয়ে মাটিতে দুটিয়ে পড়ে। এমনকি শিক্ষার্থীদের সেবা দিতে গিয়ে বিদ্যালয়টির চতুর্থ শ্রেণির কর্মচারী মোশেদা বেগমও অসুস্থ হয়ে পড়েন। পরে শিক্ষক, অভিভাবক ও স্থানীয় বাসিন্দারা তাদের দ্রুত উদ্ধার করে গুরুত্বপূরের কলাপাড়া ৫০ শয্যা হাসপাতালে নিয়ে যান। হাসপাতালে চিকিৎসাবীন নবম শ্রেণির শিক্ষার্থী পিংকি বলে, ‘এত ভয় আসে কখনো পাইনি। ক্লাসের মধ্যে একজনের পর একজন মাথা ঘুরে পড়ে যাচ্ছিল। হাত-পা ঝিটনি দিয়ে অনেকের শ্বাস বন্ধ হয়ে যাওয়ার মতো অবস্থা হয়। ভৌতিক কিছু নাকি আসে কিছু, বুঝতে পারছিলাম না।’ বিদ্যালয়ের কর্মচারী মোশেদা বেগম বলেন, ‘অসুস্থ ছাত্রীদের কাছে যে-ই গেছে, সে-ই অসুস্থ হয়ে পড়ছে। আমিও একপর্যায়ে মাথা ঘুরে পড়ে যাই। অনেক ছাত্রী বাড়ি ফেরার পথে কিংবা বাড়ি পৌঁছেও অসুস্থ হয়ে পড়ছে।’ ঘটনায় দিশেহারা হয়ে পড়েছিলেন শিক্ষকেরাও।

বিদ্যালয়ের আইসিটি শিক্ষক নেছার উদ্দিন বলেন, ‘হঠাৎ এতগুলো মেয়ে অসুস্থ হয়ে পড়ায় আমরা কী করব বুকে উঠতে পারছিলাম না। ছাত্রীদের কান্নাকাটিতে পুরো স্কুলে এক ভীতিকর পরিস্থিতি তৈরি হয়। পরে অভিভাবক ও স্থানীয়দের সহযোগিতায় আ্যম্বুলেন্সে করে হাসপাতালে নেওয়া হয়।’ ঘটনার খবর পেয়ে হাসপাতালে চিকিৎসাবীন শিক্ষার্থীদের দেখতে যান স্থানীয় সংসদ সদস্য এ বি এম মোশাররফ হোসেন ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আরিফুজ্জামান। এ বিষয়ে কলাপাড়া ৫০ শয্যা হাসপাতালের মেডিকেল অফিসার মানিক মিয়া বলেন, ‘এটি কোনো জিন-ভূতের ঘটনা নয়। এটি মূলত হিস্টিরিয়া বা মনস্তাত্ত্বিক সমস্যা। এতে ভয়ের কিছু নেই। আক্রান্তদের ভর্তি রেখে প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া হচ্ছে।’ এ বিষয়ে কলাপাড়া থানার তদন্ত কর্মকর্তা ইলিয়াস তালুকদার বলেন, ‘খবর পেয়েই আমাদের টিম হাসপাতালে পৌঁছায়। বড় ধরনের কোনো শঙ্কাজনক বিষয় নেই। হাসপাতালে পুলিশ সদস্যরা উপস্থিত রয়েছেন।’

তুলে নিয়ে যুবলীগ কর্মীকে নির্যাতন, বিএনপি

হোসেন ব্যাপারীর ছেলে। তাহের ব্যাপারী বলেন, ‘মঙ্গলবার সন্ধ্যায় ৭-৮টি মোটরসাইকেলে লোকজন নিয়ে আমার গ্রামের বাড়ি দক্ষিণ চর দেবুয়ারে আসে তানভির তালুকদার। তারা আমাকে জোর করে তুলে নিয়ে পিটিকিালা এলাকার বিএনপি নেতার মার্কেটেসে পেছনের একটি কক্ষে আটকে রাখে। সেখানে তানভির, শাকিল ও শাহিন তালুকদার এক ঘণ্টা ধরে আমাকে মারধর করে।’ তাহের আরও জানান, আসর ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে পারিবারিক ভোটের সমীকরণ বিবেচনায় স্থানীয় তিন ইউপি সদস্য প্রার্থী-জসিম ব্যাপারী, হুমায়ুন তালুকদার ও ধলু গাজী গিয়ে তাকে উদ্ধার করেন। ঘটনার বিষয়ে জানতে চাইলে ইউনিয়ন খেজ্ঞাসেবক দলের সাবেক সভাপতি ধলু গাজী বলেন, ‘তানভির দাবি করেছিল সে তাহেরের কাছে টাকা পায়। আমরা গিয়ে বলছি, হিসাব করে টাকা বুঝিয়ে দেওয়া হবে। তবে আমরা যখন পৌঁছাই, তখন সেখানে কিছু মানুষের মধ্যে তাহের বসা ছিল।’ এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে হড়ানো ভিডিওতে বিএনপি নেতা তানভির তালুকদারকে বলতে শোনা যায়, ‘সন্ত্রাসী তাহেরে কেন্দ্রকে আওয়ামী লীগকে সংগঠিত করার চেষ্টা করছে। আমি দেখতে চাই, তাকে ছাড়ানোর জন্য কারা কারা সুপারিশ করে এবং কারা কারা থানায় গিয়ে বসে থাকে। জনগণ তাকে আটকে রেখেছে। থানা-পুলিশের দৃষ্টি আকর্ষণ করছি, কালকে আমাকে বলা হয়েছে তাকে (তাহের) ধরতে। এ জন্য ধরে রাখছি।’ তবে নির্যাতনের অভিযোগ স্বীকার করে তানভির বলেন, ‘তাহের একজন সন্ত্রাসী। সে আওয়ামী লীগকে সংগঠিত করতে কেন্দ্রকে নানা স্ট্যাটাস দেয়। থানা-পুলিশ বলেছিল ওকে আটকে ফোন করতে।’ তিনি বলেন, ‘আমি তাকে মার্কেটে নিয়ে আসার পর সাধারণ জনগণ তাকে আটকে রাখে, কোনো মারধরের ঘটনা ঘটেনি।’ এ ব্যাপারে হিজলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলায়মান হোসেন বলেন, ‘বিএনপি নেতা তানভিরের মাধ্যমে সমস্যা। কখন কী বলে ঠিক নাই।’ ওসি বলেন, ‘তানভির তাে পাবলিক, পুলিশ অফিসার নন। সে কেন একজনকে ধরে আনবেন। পুলিশ কাউকে ধরে আনতে বলেনি।’ ওসি বলেন, তাহের ব্যাপারী নামে কাউকে আটকে রেখে মারধরের বিষয়ে এখন পর্যন্ত থানায় কোনো লিখিত অভিযোগ আসেনি।

কারিগরি ও মাদ্রাসায় ল্যাব সামগ্রী

এলাকার যোগ্য শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিবের কাছে পাঠাতে জেলা প্রশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। নীতিমালায় বলা হয়েছে, বরাদ্দ পাওয়ার পর ল্যাবরোটরি সামগ্রী কেনাকাটায় স্বচ্ছতা নিশ্চিত করতে উপজেলা পর্যায়ে ছয় সদস্যের একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এ কমিটির সভাপতি থাকবেন। কমিটির সদস্য হিসেবে থাকবেন সহকারী কমিশনার (ভূমি), উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সরাসরি মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং সহকারী প্রোগ্রামার। সংশ্লিষ্ট কারিগরি বা মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান সদস্যসচিবের দায়িত্ব পালন করবেন। কেনাকাটা শেষ হওয়ার পর সব সরঞ্জামের হিসাব প্রতিষ্ঠানের রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ পরিদর্শনে এলে সংশ্লিষ্ট রেজিস্টার ও সরাসরি প্রদর্শন করতে হবে। ক্রয় করা সরঞ্জামের যথাযথ ব্যবহার ও বরাদদের স্বচ্ছতা নিশ্চিত করতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রশাসনিক ও শিক্ষা কর্মকর্তারা নিয়মিত মনিটরিং করবেন। কেনাকাটা বা বরাদ্দে কোনো ধরনের অনিয়মের অভিযোগ পাওয়া গেলে তা সরাসরি বিভাগ বা মন্ত্রণালয়ে জানাতে হবে। তবে বিশেষ প্রয়োজনে যেকোনো শিক্ষা প্রতিষ্ঠানকে সরাসরি নির্বাচন এবং অর্থ বরাদ্দ দেওয়ার ক্ষমতা নিজেদের হাতে সংরক্ষণ করেছে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

বসুম্ধরা থেকে পিরোজপুর জেলা

আওয়ামী লীগের নেতাকর্মীসহ অজ্ঞাতনামা ২০ থেকে ২৫ জন ব্যক্তি বিক্ষোভক ব্রদ্বাদি নিয়ে কুজুরি বিঘারের দিকে মিছিল নিয়ে আসছে। পুলিশের অভিযোগ, তারা পাশকাত্য ও ধ্বংসাত্মক কর্মকাণ্ডের পরিকল্পনা করছিল। পরে দুপুর ১টা ১০ মিনিটের দিকে পুলিশ কুড়িল সাহারা কেন্দ্রীয় জামে মসজিদের সামনে গেলে মিছিলকারীা ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যায়। স্থানীয়দের বরাত দিয়ে পুলিশ জানায়, এর কয়েক মিনিট আগে, দুপুর ১টা ৫ মিনিটের দিকে কয়েকজন নেতাকর্মী সেখানে জড়ো হয়ে বিভিন্ন প্রোগান দেন। পুলিশের ভাষ্য অনুযায়ী, ভাটার থানা এলাকার আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগ ও খেজ্ঞাসেবক লীগের কয়েকজন নেতাকর্মীর সঙ্গে অনিককে একাধিকবার উসকানিমূলক কথাবার্তা বলতে দেখা গেছে। আদালতে দেওয়া রিমান্ড আবেদনে পুলিশ উল্লেখ করেছে, মামলার মূল রহস্য উন্মাক্টন, আসামির সঠিক নাম-ঠিকানা, ভাটার থানা এলাকার জড়িত অন্যান্য পলাতক আসামিদের শনাক্ত ও গ্রেপ্তারের স্বার্থে অনিককে নিবিড়ভাবে জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন। এ কারণে তার পাঁচ দিনের পুলিশ রিমান্ড মঞ্জুরের আবেদন করা হয়েছে। গ্রেপ্তার অনিচ্ছজ্ঞামান অনিক পিরোজপুর পৌরসভার খামকাটা এলাকার মো. আকতারুজ্জামান ফুলু ও শিরিন আক্তারের ছেলে। ভাটারা থানার এসআই আব্দুল কাদের বলেন, অনিচ্ছজ্ঞামান অনিকের পিসিপিতায় যাচাই করে তার বিরুদ্ধে মোট নয়টি মামলার তথ্য পাওয়া গেছে।

হিজলায় ইয়াবাসহ যুবক আটক

হিজলা প্রতিনিধি

বরিশালের হিজলা উপজেলায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ১৮০ পিস ইয়াবাসহ মোঃ রাফিব সরদার (নাম) নামে এক যুবককে আটক করেছে হিজলা থানা পুলিশ। বুধবার (৩০ সেপ্টেম্বর ২০২৬) উপজেলার ৩নং গুয়াতিয়া ইউনিয়নের পন্তনীভাঙ্গা গ্রামের জামতলা বাইতুল আমান জামে মসজিদ সলগ্ন এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক মোঃ রাফিব সরদার উপজেলার গুয়াবাড়িয়া ইউনিয়নের নরসিংহপুর গ্রামের আলমগীর সরদারের ছেলে। পুলিশ সূত্রে জানা যায়, মাদকবিরোধী অভিযান পরিচালনাকালে রাফিব সরদারকে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে ১৮০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে বলে জানা গেছে। মাদকদ্রব্য উদ্ধার ও আটকের ঘটনায় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

গঙ্গা পানি চুক্তি কারিগরি আলোচনা চলছে: ভারত

কীর্তনখোলা ডেস্ক

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় মঙ্গলবার জানিয়েছে, বাংলাদেশ ও ভারতের মধ্যে গঙ্গা পানি চুক্তি নিয়ে কারিগরি পর্যায়ে আলোচনা এখনও চলছে। তারা জানিয়েছে, গঙ্গাসহ (নাংলাদেশে পদ্মা) দুই দেশের মধ্যে অভিন্ন বেসব নদী ও এর পাতায় দেখুন

২৩ বছর ধরে ইরাকের তেল বিক্রির টাকা যাচ্ছে যুক্তরাষ্ট্রে

কীর্তনখোলা ডেস্ক

ইরাক থেকে মার্কিন সেনা প্রত্যাহারের শেষ ধাপ বুধবার (৩০ সেপ্টেম্বর) সম্পন্ন হচ্ছে। দুই দশকেরও বেশি সময়ের যুদ্ধে ইরাকে প্রায় ৪ হাজার ৫০০ মার্কিন সেনা নিহত হওয়ার পর এই প্রত্যাহারকে ইরান ও দেশটির মিত্ররা নিজেদের ও এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯

বৃহস্পতিবার ৯ ০১ অক্টোবর ২০২৬ ৯ ১৬ আশ্বিন ১৪৩৩

২৩ বছর ধরে ইরাকের তেল বিক্রির টাকা যাচ্ছে যুক্তরাষ্ট্রে

কীর্তনখোলা ডেস্ক

ইরাক থেকে মার্কিন সেনা প্রত্যাহারের শেষ ধাপ বুধবার (৩০ সেপ্টেম্বর) সম্পন্ন হচ্ছে। দুই দশকেরও বেশি সময়ের যুদ্ধে ইরাকে প্রায় ৪ হাজার ৫০০ মার্কিন সেনা নিহত হওয়ার পর এই প্রত্যাহারকে ইরান ও দেশটির মিত্ররা নিজেদের ও এর পাতায় দেখুন

২৩ বছর ধরে ইরাকের তেল বিক্রির টাকা যাচ্ছে যুক্তরাষ্ট্রে

কীর্তনখোলা ডেস্ক

ইরাক থেকে মার্কিন সেনা প্রত্যাহারের শেষ ধাপ বুধবার (৩০ সেপ্টেম্বর) সম্পন্ন হচ্ছে। দুই দশকেরও বেশি সময়ের যুদ্ধে ইরাকে প্রায় ৪ হাজার ৫০০ মার্কিন সেনা নিহত হওয়ার পর এই প্রত্যাহারকে ইরান ও দেশটির মিত্ররা নিজেদের ও এর পাতায় দেখুন

সরকারের নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে বেসরকারী হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের সাথে

মতবিনিময় সভা

সভাপতি: বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) বরিশাল বিভাগ, বরিশাল

বেসরকারি হাসপাতাল ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের সাথে সভায় উপস্থিত বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডাঃ রেফায়েতুল হায়দার

কীর্তনখোলা

‘জিন আতঙ্কে’ মনস্তাত্ত্বিক রোগে আক্রান্ত অর্ধশতাধিক শিক্ষার্থী

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় পাঠদান চলাকালে ‘জিন আতঙ্কে’ মনস্তাত্ত্বিক রোগে আক্রান্ত হয়ে অর্ধশতাধিক শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছে। তাদের মধ্যে গুরুতর অসুস্থ ২০ জনকে হাসপাতালে

ভর্তি করা হয়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) বেলা ১টার দিকে উপজেলার চম্পাপুর ইউনিয়নের মাহের উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে এই ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী শিক্ষক ও শিক্ষার্থীরা জানান, দুপুরে পাঠদান চলাকালে প্রথমে

দশম শ্রেণির ছাত্রী সানজিদা হঠাৎ অসুস্থ হয়ে পড়ে। তাকে সাহায্য করতে সহপাঠীরা এগিয়ে গেলে একে একে অনেকেই ঝ্বাসকণ্ট ও মাথা ঘোরা সমস্যায়া ভুগতে শুরু করে এবং মাটিতে লুটিয়ে পড়ে। ও এর পাতায় দেখুন

বাউফলে ইলিশ রক্ষায় টাঙ্কফোর্সের জরুরি সভা

বাউফল প্রতিনিধি
ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ইলিশের প্রজনন ও উৎপাদন বাড়তে পটুয়াখালীর বাউফলে উপজেলা ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত টাঙ্কফোর্স কমিটির জরুরি সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) দুপুর ২টায় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসন ও মৎস্য দপ্তরের আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমেদ বলেন- আগামী ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ইলিশ আহরণ, পরিবহন, বাজারজাতকরণসহ নিষিদ্ধ কার্যক্রম বন্ধ করে রাখতে সরকারি নির্দেশনা বাস্তবায়ন করা হবে। এ সময় ইলিশ সংরক্ষণে প্রশাসন, মৎস্য বিভাগ, বাহিনী, জনপ্রতিনিধি ও স্থানীয় জনগণকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান তিনি। সভায় ইলিশের প্রজনন মৌসুমে নদ-নদীতে অভিযান জোরদার, নিষেধাজ্ঞা কার্যকর, জেলেনের সচেতন করা এবং নিষিদ্ধ সময়ে ইলিশ আহরণ বন্ধে বিভিন্ন পদক্ষেপ নিয়ে আলোচনা করা হয়। সভায় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) সাইয়েদ ও এর পাতায় দেখুন

গুরুত্বপূর্ণ বার্তা

গুরুত্বপূর্ণ বার্তা

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।

২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক

অনাবাসিক

ডে-কোয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

২০২৬ শিক্ষাবর্ষে

২০২৬ শিক্ষাবর্ষে

০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮-৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৪৫১১১৪

০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮-৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

চরফ্যাশনে নির্ধারিত সময়ের আগেই বন্ধ হয় কমিউনিটি ক্লিনিক

চরফ্যাশন প্রতিনিধি
চরফ্যাশন এওয়াজপুর ইউনিয়নের গণি মিয়া বাড়ির কমিউনিটি ক্লিনিকটি নির্ধারিত সময়ের অনেক আগেই বন্ধ করে দেওয়ার তীব্র অভিযোগ উঠেছে। ক্লিনিকটির দায়িত্বরত কমিউনিটি হেলথ কেয়ার

প্রোভাইডার (সিএইচসিপি) নাদিরা খানমের বিরুদ্ধে নিয়মিত অফিস না করা এবং দায়িত্ব অবহেলাসহ নানাবিধ অনিয়মের অভিযোগ তুলেছেন স্থানীয় ভুক্তভোগীরা। প্রান্তিক মানুষের প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিতের সরকার এই উদ্যোগ নিলেও তৃণমূলের এই

স্বাস্থ্যসেবা ব্যবস্থা মাঠপর্যায়ে চরম ব্যাহত হচ্ছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, সরকারি নিয়ম অনুযায়ী ক্লিনিকটি খোলা থাকার কথা থাকলেও সিএইচসিপি নাদিরা খানম তার ইচ্ছেমতো অফিস পরিচালনা করেন। ও এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় ৬২ প্রাথমিকে নেই প্রধান শিক্ষক

ভাণ্ডারিয়া প্রতিনিধি
ভাণ্ডারিয়া উপজেলার ৬২ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নির্ধারিত প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এসকল বিদ্যালয়ে জ্যেষ্ঠ সহকারী শিক্ষকদের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব দিয়ে কার্যক্রম চালানো হচ্ছে। যে

১০০শত বিদ্যালয়ে প্রধান শিক্ষক আছে তার নিষ্পত্তি হয়েছে। তবে রায় কি বলা হয়েছে তা জানতে পারেনি বলে

চলতি দায়িত্ব দিয়ে প্রধান শিক্ষকের কার্যক্রম চালানো হয়। যদিও ২০২৩সালে জ্যেষ্ঠ সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদায়নের জন্য একটি মামলা করা হয়েছিল। যার মামলানং-৭৩/২৩। চলতি বছরের ২ জুলাই মামলাটি

বিতর্ক প্রতিযোগিতার ফাইনালে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিজয়

আজিজুল হাকিম সান্নি, বিএম কলেজ সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে অনুষ্ঠিত হলো ‘গণতন্ত্রমূলক আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা-২০২৬’-এর চূড়ান্ত পর্ব। বরিশাল মহানগর ছাত্রদলের উদ্যোগে এবং বিএম কলেজ ছাত্রদের সার্বিক সহযোগিতায় এই প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানটি বাস্তবায়ন করে বিএম কলেজ ডিবেটিং ক্লাব। গত ১২ সেপ্টেম্বর শুরু হওয়া এই প্রতিযোগিতায় ফাইনালে উত্তীর্ণ হয় বিএম কলেজ ও বরিশাল বিশ্ববিদ্যালয়। বুধবার (৩০ সেপ্টেম্বর) কলেজের শহীদ তাহিদুল ইসলাম লাইব্রেরি ভবনের ২য় তলায় প্রতিযোগিতার ফাইনাল রাউন্ড অনুষ্ঠিত হয়। টানটান উত্তেজনার মধ্য দিয়ে ফাইনাল রাউন্ডে বিজয় অর্জন করে বরিশাল বিশ্ববিদ্যালয়। ৭নমুঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে ট্রফি তুলে দেন বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। এরকম গঠন মূলক বিতর্ক প্রতিযোগিতা আরো হওয়ার প্রত্যাশা ব্যাক্ত করে তিনি বলেন, একটি সুস্থ ও গণতান্ত্রিক সমাজ গঠনে ও এর পাতায় দেখুন

তুলে নিয়ে যুবলীগ কর্মীকে নির্যাতন, বিএনপি নেতার দাবি-‘ধরতে বলেছিল পুলিশ’

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের জিলায় তাহের ব্যাপারী (৩৫) নামের এক যুবলীগ কর্মীকে বাড়ি থেকে তুলে নিয়ে নির্যাতনের অভিযোগ উঠেছে এক বিএনপি নেতার বিরুদ্ধে। মঙ্গলবার রাতে উপজেলার হিজলা গৌরবদী ইউনিয়নের পিটকিরাতলা এলাকায় ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক তানভির তালুকদারের নেতৃত্বে এই ঘটনা ঘটে। পরে তানভির তাঁর ফেসবুকে একটি ৫৯ সেকেন্ডের ভিডিও বার্তা প্রচার করে দাবি করেন, ‘প্রশাসনের পরামর্শেই’ তাহেরকে আটকে রাখা হয়েছে। নির্যাতনের শিকার তাহের ব্যাপারী স্থানীয় যুবলীগ কর্মী এবং গৌরবদী ইউনিয়ন কৃষক লীগের প্রয়াত সভাপতি বেলায়েত ও এর পাতায় দেখুন

বসুন্ধরা থেকে পিরোজপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি শ্রেফতার

পিরোজপুর প্রতিনিধি
রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকা থেকে সন্ত্রাসবিরোধী আইনের মামলায় পিরোজপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মো. অনিরুজ্জামান অনিককে (৩৫) শ্রেফতার করেছে পুলিশ। বুধবার (৩০ সেপ্টেম্বর) রাত ৩টা ২০ মিনিটের দিকে ভাটারা থানাধীন বসুন্ধরা আবাসিক এলাকার ‘জি’ ব্লকের ৩ নম্বর সড়ক থেকে তাকে শ্রেফতার করা হয়। জিজ্ঞাসাবাদের জন্য তার পাঁচ দিনের রিমান্ড চেয়েছে পুলিশ। পুলিশের দাবি, অনিকের পিসিপিআর যাচাই করে তার বিরুদ্ধে মোট নয়টি মামলার তথ্য পাওয়া গেছে। পুলিশ সূত্র জানায়, গত ২৪ সেপ্টেম্বর দুপুরে ভাটারা থানারীন ফুটিল বিশ্বরোড এলাকায় দায়িত্ব পালনকালে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে, নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ এবং কার্যক্রম স্থগিত ও এর পাতায় দেখুন

বিশিষ্টরাধির রাহমির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

৯শিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com